চ সমুচ্চয়ে কার্য্যমেবকারাদ্দ্বিতীয়তৃতীয়কর্ম্মণোর্নেত্যর্থঃ। অর্থাৎ তত্র মন্দফলং সংস্কার্য্যমিতি সিদ্ধম্। অত্রোপপত্তিঃ মন্দস্পষ্টভোগস্থানীয়কক্ষাবৃত্তপ্রদেশাদ গ্রহবিম্বং শীঘ্রো শীঘ্রোচ্চস্থানস্থিতদেবতয়া স্বহস্তস্থিতসূত্রেণ স্বাভিমুখং শীঘ্রান্ত্যফলজ্যান্তরেণাকর্ষ্যতে। তেন মন্দস্পষ্টস্থানাচ্ছীঘ্রান্ত্যফলজ্যয়া বৃত্তে ভাংশাঙ্কিতে শীঘ্রনীচোচ্চসংজ্ঞে পূর্ব্বরীত্যা শীঘ্রোচ্চস্থানাচ্ছীঘ্রকেন্দ্রান্তরেণ কক্ষামার্গবৈপরীত্যেন গ্রহবিম্বং ভবতি। তত্র পূর্ব্ববৎ কোটিফল ভুজফলে কোটিভুজৌ কক্ষাস্থতির্য্যগ্রেখাতঃ শীঘ্রনীচোচ্চবৃত্ততির্য্যগ্ব্যাসরেখা ত্রিজ্যান্তরেণেতি ত্রিজ্যাকোটিফলযোগো মকরাদৌ। কর্কাদৌ কোটিফলোনত্রিজ্যা শীঘ্রনীচোচ্চপরিধিস্থগ্রহকক্ষাতির্য্যগ্রেখয়োরন্তরজ্জুসূত্ররূপা কোটিঃ। কোটিমূলমধ্যয়োরন্তরং কক্ষাতির্য্যগ্রেখান্তর্গতং ভুজফলতুল্যং ভুজো গ্রহভূমধ্যস্থসূত্রং তির্য্যক্ কর্ণঃ। কোটিভুজফলয়োর্ব্বর্গযোগমূলং ততঃ কক্ষায়াং কর্ণসূত্র যত্রলগ্নং তত্র স্পষ্টঃ। গ্রহভোগঃ কক্ষামধ্যসূত্রাদ গ্রহসক্তাৎ স্পষ্টভোগস্থানপর্য্যন্তমর্দ্ধজ্যাকারং সূত্রং শীঘ্রফলজ্যা শীঘ্রকর্ণাগ্রে ভুজফলং তদা ত্রিজ্যাগ্রে কিমিত্যনুপাতজ্ঞাতা। অস্যাশ্চাপং মন্দস্পষ্টস্পষ্টগ্রহভোগস্থানয়োরন্তররূপং শীঘ্রফলম্। অথ নীচোচ্চবৃত্তমধ্যজ্ঞানায় মন্দস্পষ্টজ্ঞানমাবশ্যকম্। ততঃ শীঘ্রফলসংস্কারেণ স্পষ্টজ্ঞানম্। তত্র স্ফুটসাধিতমন্দফলসংস্কৃতমধ্যগ্রহো মন্দস্ফুটঃ সূক্ষ্ম ইতি পূর্ব্বং মধ্যগ্রহস্থাসন্নস্ফুটত্বসিদ্ধ্যর্থং ফলয়োঃ সংস্কার আবশ্যকস্তত্রাপি প্রথমং মন্দফলং শীঘ্রফলসংস্কৃতান্মধ্যগ্রহসাধিতমন্দফলাপেক্ষয়া সূক্ষ্মমিতি প্রথমং শীঘ্রফলসংস্কৃতমধ্যগ্রহান্মন্দফলং শীঘ্রফলসংস্কৃতমধ্যগ্রহে সংস্কার্য্যং স্ফুটাসন্নো ভবতি ॥ ৪২ ॥ ননু সূর্য্যেন্দ্বোঃ শীঘ্রফলাভাবাৎ কথং স্পষ্টত্বং ভবতীত্যতস্তদুত্তরং বদন্নেতদাদ্যে কুজাদীনামিত্যর্থং স্ফুটয়তি। সূর্য্যচন্দ্রয়োর্ম্মান্দ্যং কর্ম্মৈকং তথা চানয়োঃ শীঘ্রফলাভাবাৎ কেবলেন মন্দফলেনৈব স্পষ্টত্বম্। একমিত্যনেন সকৃন্মান্দ্যং ফলং সাধ্যং মধ্যগ্রহেণৈব মন্দনীচোচ্চমণ্ডলমধ্যজ্ঞানান্ন কর্ম্মান্তরাপেক্ষেত্যুপপত্তিঃ

এই যোগফলের বর্গমূলাঙ্কই শীঘ্রকর্ণ। অনন্তর দ্বিতীয়ভুজফলের অঙ্ককে (যাহা ৩৯ শ্লোকে বলা হইয়াছে) ব্যাসার্দ্ধ দ্বারা গুণ করিয়া উপরোক্ত শীঘ্রকর্ণাঙ্ক দ্বারা ভাগ করিতে হইবে। ৪০-৪১। ঐ শীঘ্রকর্ণ দ্বারা ভাগ করিয়া যে ভাগফল লব্ধ হইবে, সেই জ্যা-অনুসারে ধনু স্থির করিলে যাহা হইবে, তাহাই গ্রহদিগের কলাদি শৈঘ্র্যফল। মঙ্গলাদি পঞ্চ গ্রহের স্ফুটসাধনকালে প্রথমসংস্কারে ও চতুর্থসংস্কারে এই শীঘ্রফলের আবশ্যক হয় ॥ ৪২ ॥

মধ্যে শীঘ্রফলস্যার্দ্ধং মান্দ্যমর্দ্ধফলং তথা।
মধ্যগ্রহে মন্দফলং সকলং শৈঘ্র্যমেব চ॥ ৪৪॥
অজাদিকেন্দ্রে সর্ব্বেষাং শৈঘ্র্যে মান্দ্রে চ কর্ম্মণি।
ধনং গ্রহাণাং লিপ্তাদি তুলাদাবৃণমেব চ॥ ৪৫॥

স্পষ্টা। অথানন্তরং ভৌমাদীনামুচ্যতে। প্রাগুক্তং স্ফুটতয়া কথ্যতে। তদাহ শৈঘ্র্যমিতি। প্রথমতো মধ্যগ্রহাৎ সাধিতশীঘ্রফলং মধ্যগ্রহে সংস্কার্য্যমস্মান্মন্দফলমস্মৈব সংস্কার্য্যমস্মাৎ পুনর্দ্বিতীয়বারং মন্দফলং সাধিতং মধ্যগ্রহেসংস্কার্য্যং মন্দস্পষ্টো ভবতি। অস্মাদপি শীঘ্রফলং সাধিতমস্যৈব সংস্কার্য্যমেবমনুক্রমাচ্চত্বারি কর্ম্মাণি ভবন্তীতি প্রাগুক্ততাৎপর্য্যম্॥ ৪৩॥ অথাত্রাপি বিশেষমাহ। মধ্যগ্রহে স্বসাধিতশীঘ্রফলস্যার্দ্ধং সংস্কার্য্যম্। অস্মাৎ সাধিতং মন্দসম্বন্ধ র্দ্ধফলং সাধিতমন্দফলস্যার্দ্ধমিত্যর্থঃ। তথা যস্মাৎ সাধিতং সংস্কার্য্যম্। শীঘ্রফলার্দ্ধসংস্কৃতে সংস্কার্য্যমিতি ফলিতার্থঃ। অস্মাৎ সাধিতং মন্দফলং সম্পূর্ণং মধ্যগ্রহে সংস্কার্য্যং মন্দস্পষ্টো ভবতি। অস্মাৎ সাধিতং শীঘ্রফলং সম্পূর্ণম্। চঃ সমুচ্চয়ে। তেন মন্দস্পষ্টে সংস্কার্য্যম্। এবকারাদুক্তরীত্যা সিদ্ধো গ্রহঃ স্পষ্টো নান্যথেতি। অত্রোপপত্তিঃ। মন্দফলং স্ফুটসাধিতং বাস্তবং স্ফুটস্তু মন্দফলসাপেক্ষ ইত্যন্যোঽন্যাশ্রয়াৎ সূক্ষ্মমন্দফলসাধনশক্যমপি ভগবতা তদাসন্নসাধনার্থমর্দ্ধস্ফুটাদেব মন্দফলং সাধিতং মধ্যগ্রহসাধিতমন্দফলাপেক্ষয়া সূক্ষ্মম্। অর্দ্ধস্ফুটস্তু ফলদ্বয়ার্দ্ধসংস্কৃতো মধ্যগ্রহঃ। অত্রাপি মন্দফলস্যার্দ্ধং শীঘ্রফলার্দ্ধসংস্কৃতাৎ কিঞ্চিৎ সূক্ষ্মত্বার্থং সাধিতমিত্যুপপন্নং মধ্যে শীঘ্রফলস্যেত্যাদি॥ ৪৪॥ ননু ফলয়োঃ সংস্কারঃ কথং কার্য্য ইত্যত আহ। সর্ব্বেষাং গ্রহাণাং শৈঘ্রে কর্ম্মণি মান্দ্যে কর্ম্মণি চকারঃ সমুচ্চয়ে কলাত্মকং ফলং মেষাদিষড়্ভান্তর্গতকেন্দ্রে যুতং কার্য্যং তুলাদিষড়্ভান্তর্গতকেন্দ্রে হীনং কার্য্যম্। চকারো ব্যবস্থার্থকঃ। এবকারঃ ফলয়োরানয়নপ্রকারভেদেঽপি ধনর্ণরীতিভেদব্যবচ্ছেদার্থকঃ। অত্রোপপত্তিঃ। পূর্ব্বাকর্ষণে গ্রহস্য ফলং ধনং পশ্চাদাকর্ষণ ঋণমিতি প্রাগুক্তম্। তত্র গ্রহাদুচ্চপর্য্যন্তং কেন্দ্রে গৃহীতে পূর্ব্বাকর্ষণে মেষাদিকেন্দ্রং ভবতি পশ্চাদাকর্ষণে তুলাদিকেন্দ্রং ভবতীতি তথোক্তমুপ-

---

সূর্য্য এবং চন্দ্রের একবারমাত্র কেবল মান্দ্যফল, সংস্কার করিলেই স্ফুট হইবে; কিন্তু মঙ্গলাদি পঞ্চগ্রহের যথাক্রমে শীঘ্রফল, পরে মান্দ্যফল, অনন্তর পুনর্ব্বার মান্দ্যফল এবং পুনর্ব্বার শীঘ্রফল সংস্কার করিলেই তাহাদের স্ফুট হইবে॥ ৪৩॥ প্রথমতঃ গ্রহের মধ্যাতে শীঘ্রফলের অর্দ্ধাংশ সংস্কার করিবে, সংস্কার করিয়া যে ফললাভ করিবে, তাহার সহিত মান্দ্যফলের অর্দ্ধাংশ সংস্কার করিবে অর্থাৎ যে মান্দ্যফল উল্লিখিত শীঘ্রফলার্দ্ধসংস্কৃত মধ্য দ্বারা নির্ণীত হইয়াছে, তাহাই সংস্কার করিতে হইবে। তৎপরে পুনরায় গ্রহের মধ্যাতে মান্দ্যফলের সমস্ত ভাগ (যাহা শীঘ্রফলার্দ্ধ ও মান্দ্যফলার্দ্ধসংস্কৃত মধ্য দ্বারা নির্ণীত হইয়াছে) সংস্কার করিবে ইহারই নাম মন্দস্পষ্ট। অনন্তর ঐ মন্দস্পষ্ট দ্বারা

অর্কবাহুফলাভ্যস্তা গ্রহভুক্তির্বিভাজিতা
ভচক্রকলিকাভিস্তু লিপ্তাঃ কার্য্যা গ্রহেঽর্কবৎ ॥ ৪৬ ॥

পন্নম্ ৪৫ ॥ অথ গ্রহাণাং ভুজান্তরবলমাহ। স্পষ্টা সূর্য্যাদিগ্রহগতিঃ সূর্য্যস্য ভুজফলেন মন্দফলেন কলাত্মকেন গুণিতা দ্বাদশরাশিকলাভিঃ ষট্শতযুক্তৈকবিংশতিসহস্রমিতাভির্ভক্তা প্রাপ্তফলকলা গ্রহে সূর্য্যাদিগ্রহেঽর্কবৎ সূর্য্যমন্দফলধনর্ণবশাদিত্যর্থঃ। কার্য্যাঃ। তুকারাদ্ধনর্ণং সংস্কার্য্যাঃ। অত্রোপপত্তিঃ। অহর্গণস্যৈকরূপমধ্যমমানেন সত্বাৎ তদুৎপন্ন গ্রহাণাং মধ্যমমানেন যদর্দ্ধরাত্রং তাৎকালিকত্বং সিদ্ধম্। মধ্যমমানার্দ্ধরাত্রে তু মধ্যমসূর্য্যাস্থিতক্রান্তিবৃত্তপ্রদেশোঽধো যাম্যোত্তর-বৃত্তে ভবতি। অস্মাৎ কালাৎ স্পষ্টার্দ্ধরাত্রং স্পষ্টসূর্য্যস্থিতক্রান্তিবৃত্তপ্রদেশাধোযাম্যোত্তর বৃত্তসংযোগরূপং মন্দফলধনর্ণক্রমেণানন্তরপূর্ব্বকালে ভবতি। অতো মন্দফলকলাভোগসম্বন্ধি-কালেন গ্রহোঽনন্তরপূর্ব্বকালয়োশ্চালাঃ স্পষ্টার্দ্ধরাত্রসময়ে ভবতি। এতেনানেন কর্ম্মণা স্ফুটার্দ্ধরাত্রকালীনগ্রহাঃ ক্রিয়ন্তে। সূর্য্যশ্চ স্ফুটার্দ্ধরাত্রকালীন এবাতঃ সূর্য্যস্য নায়ং সংস্কার ইতি পূর্ব্বত উক্তং নিরস্তম্। সূর্য্যব্যতিরিক্ত গ্রহা মধ্যার্দ্ধরাত্রে সূর্য্যস্তু স্ফুটার্দ্ধরাত্র ইত্যত্রাহর্গণোৎপন্নত্বেন সর্ব্বেষামেককালিকত্বসিদ্ধ্যা হেত্বভাবাদিতি। তত্র মন্দফল-কলানাং কালস্যৈক রাশিকলাভিঃ সায়নস্পষ্টার্কাক্রান্তস্বোদয়াসবো লভ্যন্তে তদা মন্দফলকলাভিঃ ক ইত্যনুপাতেন তত্তাহোরাত্রাসুভির্গতিকলাস্তদা ফলকলাসুভিঃ কা ইতি মন্দফলকলা গ্রহে ধনর্ণমন্দফলবশাদ্ধনর্ণং কার্য্যা ইতি সিদ্ধম্। তত্রাপি ভগবতা লোকানুকম্পয়া স্বল্পান্তরেণ নাক্ষত্রদিনে গ্রহগতিভোগমঙ্গীকৃত্য চক্রকলাপরিবর্ত্তাত্মকনাক্ষত্রা হোরাত্রেণ গতিকলাস্তদা সূর্য্যমন্দফলকলাভ্রমণেন কা ইত্যেকানুপাতাল্লাঘবাদানীতাশ্চালন-

---

যে শীঘ্রফল নির্ণীত হইবে, সেই শীঘ্রফলের সমস্ত ভাগই মন্দস্পষ্টে সংস্কার করিতে হইবে। এইরূপে সংস্কার করিলেই গ্রহগণের স্ফুট নির্ণীত হইবে ॥ ৪৪ ॥ * সমস্ত গ্রহেরই শীঘ্রকেন্দ্র বা মন্দকেন্দ্র মেষাদি ছয় রাশির অন্তর্বর্ত্তী হইলে, তাহাদের কলাদি শীঘ্রফলাঙ্ক বা মন্দফলাঙ্ক ধন অর্থাৎ যোগ করিতে হইবে আর কেন্দ্র তুলাদি ছয় রাশির অন্তর্বর্ত্তী হইলে ঐ কলাদি ফল সকল ঋণ অর্থাৎ হীন করিতে হইবে ॥ ৪৫ ॥

---

* শ্রীযুক্ত বাপুদেবশাস্ত্রী এই বচনের যেরূপ ইংরাজী অনুবাদ করিয়াছেন, তাহা নিম্নে উদ্ধৃত হইল,—

" Find the second equation (from the mean place of a planet :) apply the half of it to the mean place, and (to the result) apply the half of the first equation (found from that result ; from the amount) find the Ist equation again, and apply the whole of it to the mean place of the (planet and) to that rectified mean place (apply the whole of the 2nd equation) found from the rectified mean place · thus you will find the true place of the planet.")

স্বমন্দভুক্তিসংশুদ্ধা মধ্যভুক্তির্নিশাপতেঃ।
দোর্জ্জ্যান্তরাদিকং কৃত্বা ভুক্তাবৃণধনং ভবেৎ ॥ ৪৭ ॥
গ্রহভুক্তেঃ ফলং কার্য্যং গ্রহবন্মন্দকর্ম্মণি
দোর্জ্জ্যান্তরগুণা ভুক্তিস্তত্ত্বনেত্রোদ্ধৃতা পুনঃ ॥ ৪৮ ॥

কলা ইত্যুপপন্নম্ ॥ ৪৬ ॥ অথ স্পষ্টগতিং বিবক্ষুশ্চন্দ্রস্য প্রথমং বিশেষমাহ। গ্রহগতিসাধনে বক্ষ্যমাণে গতিফলং গ্রহগতেঃ সাধিতং তথা চন্দ্রগতেশ্চন্দ্রগতিফলং ন সাধ্যং কিন্তু চন্দ্রস্য মধ্যমগতিঃ স্বস্য চন্দ্রস্য মন্দং মন্দোচ্চং তস্য দিনগত্যা হীনা কার্য্যা তাদৃশগতেঃ সকাশাদ্দোর্জ্জ্যান্তরাদিকং দোর্জ্জ্যান্তরমাদিভূতং যস্য তাদৃশং গতিফলং বক্ষ্যমাণপ্রকারে দোর্জ্জ্যান্তরগুণা ভুক্তিরিত্যাদৌ দোর্জ্জ্যান্তরাদেব গতিফলোৎপত্তেঃ। সিদ্ধং কৃত্বা চন্দ্রমধ্যমগতাবৃণধনং বক্ষ্যমাণরীত্যা ভবতি। অত্রোপপত্তিঃ। বক্ষ্যমাণং গতিফলং কেন্দ্রগত্যোপপন্নমিত্যনেন সূর্য্যাদিগ্রহাণাং বিচন্দ্রাণাং মন্দোচ্চগতেরত্যল্পত্বাৎ স্বগত্যৈব গতিফলমুক্তম্। তত্র চন্দ্রস্য তথা সাধনে বহ্বন্তরপাতাৎ তস্য মন্দোচ্চগত্যূনস্বগতিরূপকেন্দ্রগতেঃ ফলসাধিতং গতিফলং যদ্গতেঃ সাধ্যং তদ্গতাবেব সংস্কার্য্যমিতি বক্ষ্যমাণরীতিব্যুদাসায় চন্দ্রভুক্তাবিত্যুক্তমন্যথা কেন্দ্রগতেরেব স্ফুটত্বং স্যান্নচন্দ্রগতেরিতি ॥ ৪৭ ॥ অথ গ্রহাণাং মন্দস্পষ্টগতিং বাসনাসূচনপূর্ব্বগতিফলানয়নপূর্ব্বিকাং শ্লোকাভ্যামাহ। মন্দকর্ম্মণি গতিমন্দফলক্রিয়ানিমিত্তমিত্যর্থঃ। গ্রহবদ্গ্রহমন্দফলানয়নরীত্যা পরিধিগুণনভগণাংশভজনাপ্তচাপমিত্যাত্মিকয়া গ্রহগতেঃ সকাশাৎফলং গ্রহমন্দগতি ফলংসাধ্যম্। যথা

* ভুজান্তরসংস্কার। গ্রহের দৈনিক স্ফুটগতির অঙ্কসংখ্যাকে রবির মন্দফলের কলাঙ্কদ্বারা গুণ করিয়া গুণফলের অঙ্ককে রাশিচক্রের ২১৬০০ কলা দ্বারা ভাগ করিলে যে ভাগফল লব্ধ হইবে, তাহার কলাদির অঙ্কসংখ্যা যেরূপে রবির মন্দফল যোগ বা বিয়োগ করা হইয়াছে, সেইরূপ গ্রহের স্ফুটে যোগ বা বিয়োগ করিতে হইবে। তাহা হইলেই লঙ্কার মধ্যরাত্রের স্ফুট নির্ণীত হইবে। গ্রহস্থানে যে যোগ বিয়োগের উল্লেখ হইল, উহা লঙ্কার মধ্যরেখার অহর্গণ দ্বারা গ্রহের যে মধ্য নিরূপিত হয়, তাহাতেই জানিতে হইবে ॥ ৪৬ ॥ চন্দ্রের দৈনিক গতির অঙ্ক হইতে চন্দ্রের মন্দোচ্চের দৈনিক গতির অঙ্ক বিয়োগ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, (সেই অবশিষ্ট অঙ্কদ্বারাই চন্দ্রের মন্দোচ্চ হইতে গতির পরিমাণ জানা যাইবে। এই অবশিষ্ট অঙ্ক দ্বারা পশ্চাৎ লিখিত নিয়ম মতে চন্দ্রের মন্দফল নিরূপণ করিয়া চন্দ্রের দৈনিক গতির অঙ্কের সহিত বিয়োগ বা যোগ করিলে চন্দ্রের যথার্থ গতি নিরূপিত হইবে ॥ ৪৭ ॥ মন্দফলসংস্কারে যে প্রণালীমতে গ্রহের মন্দফল নির্ণয় হয়, সেইরূপ প্রণালীতে গ্রহের দৈনিক গতি হইতে গ্রহের মন্দগতিফল সাধন করিবে। গ্রহের মন্দকেন্দ্রের জ্যা নিরূপণ করিবার সময়ে যে গত ও গম্য জ্যা নির্ণীত হইয়াছে, সেই

* লঙ্কায় যথার্থ মধ্যরাত্রের স্ফুটগণনার জন্য অহর্গণ নিরূপণ পূর্ব্বক যে গ্রহস্ফুট নির্ণয় করা হয়, সেই গ্রহস্ফুটে এই ভুক্তান্তর সংস্কার করিবে।

স্বমন্দপরিধিক্ষুণ্ণা ভগণাংশোদ্ধৃতা কলাঃ।
কর্কাদৌ তু ধনং তত্র মকরাদাবৃণং স্মৃতম্ ॥ ৪৯ ॥
মন্দস্ফুটীকৃতাং ভুক্তিং প্রোজ্‌ঝ্য শীঘ্রোচ্চভুক্তিতঃ।
তচ্ছেষং বিবরেণাথ হন্যাৎ ত্রিজ্যান্ত্যকর্ণয়োঃ ॥ ৫০ ॥

গ্রহমন্দফলং কেন্দ্রভুজজ্যাতঃ সাধিতং তথেদং গতিফলং গ্রহগতেঃ সাধ্যমিত্যর্থঃ। তথা হি গ্রহমন্দফলান্তরস্যৈকদিনান্তরীয়স্য গ্রহগতিমন্দফলত্বাদ্ভুজজ্যয়োরেকদিনান্তরয়োরন্তরাৎ ফলং মন্দগতিফলং পর্য্যবসিতং তত্র কেন্দ্রয়োরন্তরস্য কেন্দ্রগতিত্বাৎ তজ্জ্যয়োরন্তরং তত্ত্বাশ্বিপ্রমাণেনোক্তজ্যাপিণ্ডান্তরং গতিকলাপরিণামিতং ভবতি। তদেবাহ দোর্জ্জ্যান্তরগুণেতি। গ্রহমধ্যগতিঃ কেন্দ্রগতিরূপা। উচ্চগতেরত্যল্পত্বাৎ। দোর্জ্জ্যান্তরগুণা ভুজজ্যানয়নাবসরে যজ্জ্যাপিণ্ডান্তরং তেন গুণিতা পঞ্চাকৃতিভির্ভক্তা পুনরনন্তরমিত্যর্থঃ। গ্রহমন্দপরিধিনা স্ফুটেন গুণিতা ষষ্টিযুতশতত্রয়েণ ভক্তা ফলং গতিমন্দফলকলাঃ। যদ্যপি গতিজ্যাতঃ ফলজ্যানয়নং কৃত্বা তচ্চাপং গতিফলং সমুচিতম্ তথাপি গ্রহগতেস্তত্ত্বাশ্বিভ্যো ন্যূনত্বাজ্জ্যাচাপয়োস্তুল্যত্বেন তদনুক্তাবক্ষতিঃ। চন্দ্রস্য তু স্বল্পান্তরাৎ তৎকরণমুপেক্ষিতম্ মন্দস্পষ্টগতি সিদ্ধ্যর্থং মধ্যগতৌ ফলসংস্কারমাহ কর্কাদাবিতি। তত্র গ্রহমধ্যগতৌ পূর্ব্বানীতফলং কর্কাদিষড়্‌ভান্তর্গতকেন্দ্রে ধনং মকরাদিষড়্‌ভান্তর্গতকেন্দ্র ঋণমুক্তম্। তুকারান্মন্দস্পষ্টগতিঃ সিদ্ধা ভবতীত্যর্থঃ। অত্রোপপত্তিঃ। ঋণফলোপচয়ে পূর্ব্বফলাদগ্রিমফলমধিকং হীনমিতি ফলান্তরং গতাবৃণম্। ঋণফলোপচয়ে পূর্ব্বফলাদগ্রিমফলং ন্যূনং হীনমিতি ফলান্তরং গতৌ ধনম্। ধনফলোপচয়ে পূর্ব্বফলাদগ্রিমফলমধিকং যুতমিতি ফলান্তরং গতৌ ধনম্। ঋণফলাপচয়স্তু মকরাদিতঃ প্রাক্ ত্রিভে। ধনফলোপচয়স্তু তুলাদিতঃ প্রাক্ ত্রিভ ইতি কর্কাদিকেন্দ্রে গতিফলং ধনম্। ধনফলাপচয়ে পূর্ব্বফলাদগ্রিমং ফলং ন্যূনং হীনমিতি ফলান্তরং গতাবৃণম্। ধনফলাপচয়স্তু কর্কাদিতঃ প্রাক্ ত্রিভ ঋণফলোপচয়স্তু মেষাদিতঃ প্রাক্ ত্রিভ ইতি মকরাদিকেন্দ্রে গতিফলমৃণং সিদ্ধম্ ॥ ৪৮-৪৯ ॥ অথ শ্লোকাভ্যাং স্পষ্টগতিসাধনমাহ। মন্দস্পষ্টাং গতিং প্রাক্ সিদ্ধাং শীঘ্রোচ্চগতেঃ পাতয়িত্বা তত্রাবশিষ্টং ত্রিজ্যান্তকর্ণয়োস্ত্রিরাশিজ্যাদ্বিতীয়শীঘ্রকর্ণয়োর্গ্রন্থান্তরৈকবাক্যতার্থং ত্রিজ্যাশব্দেন দ্বিতীয়শীঘ্রফলকোটিজ্যা গ্রাহ্যেতি ধ্যেয়ম্। অন্তরেণ গুণয়েৎ। তত্র যৎ সিদ্ধং তচ্ছীঘ্রকর্ণেন দ্বিতীয়েন ভক্তং ফলং

জ্যাদ্বয়ের পরস্পর অন্তর করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাদ্বারা গ্রহের দৈনিক ভুক্তির অঙ্ককে গুণ করিয়া গুণফলকে ২২৫ দ্বারা ভাগ করিবে। অনন্তর ভাগফলকে স্বীয় মন্দপরিধির অঙ্কদ্বারা গুণ করিয়া গুণফলকে ৩৬০ দ্বারা ভাগ করিলে যে কলাদি ভাগফল লব্ধ হয়, (ইহাকেই মন্দগতি ফল কহে) তাহাকে গ্রহের দৈনিক মধ্য গতির অঙ্কের সহিত যোগ বা বিয়োগ করিতে হইবে। যদি মন্দকেন্দ্র কর্কটাদি ছয় রাশির অন্তর্ব্বর্ত্তী হয়, তাহা হইলে যোগ এবং মকরাদি ছয় রাশির অন্তর্ব্বর্ত্তী হইলে বিয়োগ করিবে; তাহা হইলেই রবি ও চন্দ্রের দৈনিক গতি এবং মঙ্গলাদি অন্যান্য গ্রহের মন্দস্পষ্টগতি সাধিত হইবে। ৪৮-৪৯। পূর্ব্বোক্ত মন্দস্পষ্টগতির অঙ্ককে দৈনিক শীঘ্রোচ্চগতির

চলকর্ণহৃতং ভুক্তৌ কর্ণে ত্রিজ্যাধিকে ধনম্।
ঋণমূনেঽধিকে প্রোজ্‌ঝ্য শেষং বক্রগতির্ভবেৎ ॥ ৫১ ॥

মন্দস্পষ্টগতৌ দ্বিতীয়শীঘ্রকর্ণে ত্রিজ্যাধিকে গৃহীতফলকোটিজ্যাতোঽধিকে সতি হীনে চ সতি ধনমৃণং ক্রমেণ কার্যং স্পষ্টগতিঃ স্যাৎ। নমু যদা মন্দস্পষ্টগতিতো গতিশীঘ্রফলমধিকং তদা মন্দস্পষ্টগতৌ ফলমূনং ন স্যাদিতি তত্র স্পষ্টগতিজ্ঞানং কথম্। ন চৈতদসম্ভব ইতি বাচ্যম্। নীচাসন্নে গ্রহে ফলকোটিজ্যা শীঘ্রকর্ণান্তরাচ্ছীঘ্রকর্ণস্য ন্যূনত্বাৎ ফলস্যাবশ্যং মন্দ-স্পষ্টগত্যধিকত্বসম্ভবাদিত্যত আহ অধিক ইতি। মন্দস্পষ্টগতিঃ। অধিকে ফলে পাতয়িত্বা শেষং বক্রগতির্বিপরীতগতিঃ পশ্চিমগতিঃ স্যাৎ। তথা চ ন ক্ষতিঃ। অত্রোপপত্তিঃ। "ফলাংশখাঙ্কান্তরশিঞ্জিনীঘ্নী, দ্রাক্কেন্দ্রভুক্তিঃ শ্রুতিহৃদ্বিশোধ্যা। স্বশীঘ্রভুক্তেঃ স্ফুটখেটভুক্তিঃ, শেষং চ বক্রা বিপরীতশুদ্ধৌ" ॥ ইতি সিদ্ধান্তশিরোমণৌ বৃদ্ধবসিষ্ঠসিদ্ধান্তোক্তেঃ সূক্ষ্মপ্রকার-স্তস্যোপপত্তিস্তু তট্টীকায়াং ব্যক্তা। তত্র দ্রাক্কেন্দ্রভুক্ত্যর্থং প্রথমার্দ্ধমুক্তম্। ইয়ং গতিঃ ফলকোটিজ্যয়া গুণ্যা কর্ণভক্তা ফলং স্বশীঘ্রোচ্চগতেঃ শোধ্যম্। তত্র প্রথমমেব সমচ্ছেদ-পূর্ব্বকশোধনার্থং শীঘ্রোচ্চগতেঃ কর্ণো গুণঃ। তত্রাপি শীঘ্রোচ্চগতেঃ কেন্দ্রগ্রহগতিযোগ-রূপত্বাৎ খণ্ডদ্বয়ং কেন্দ্রগত্যাবেব ফলং হীনং কৃতমিতি কর্ণগুণিতকেন্দ্রগতিফলকোটিজ্যাগুণিত-কেন্দ্রগত্যোরন্তরং তত্রাপি গুণিতয়োরন্তরেঽন্তরে বা গুণিতে সমত্বালাঘবাচ্চ ফলকোটিজ্যা-কর্ণান্তরেণ কেন্দ্রগতিগুণিতা কর্ণভক্তেতি তচ্ছেষমিত্যাদিহৃতমিত্যন্তমুপপন্নম্। অথ ফল-কোটিজ্যাতুল্যকর্ণে মুখ্যপ্রকারেণ গতের্মন্দস্পষ্টগতিতুল্যতয়া সিদ্ধত্বাৎ ফলাভাবঃ কর্ণস্য ন্যূনত্বে ফলস্য শীঘ্রকেন্দ্রগত্যধিকত্বাৎ তদূনে শীঘ্রোচ্চগতৌ শীঘ্রকেন্দ্রগতিনাশাদধিকস্য গতিফলরূপস্য মন্দস্পষ্টগতৌ হীনত্বং পর্য্যবসন্নম্। কর্ণস্যাধিকত্বে পূর্ব্বপ্রকারফলস্য শীঘ্রকেন্দ্রগতিতো ন্যূনত্বাৎ তদূনে শীঘ্রোচ্চগতৌ যন্ন্যূনং তদধিকা মন্দস্পষ্টগতিঃ স্পষ্টগতিরিতি পর্য্যবসন্নম্। তদত্র শীঘ্রোচ্চগতিস্থানে শীঘ্রকেন্দ্রগতিগ্রহণেন ফলং গতিফলমেবোৎপন্নং তন্মন্দস্পষ্টগতৌ ফল-কোটিজ্যাতঃ কর্ণস্যাধিকন্যূনত্বক্রমেণ ধনমৃণমিত্যুপপন্নং কর্ণ ইত্যাদূন ইত্যন্তম্। ঋণফলস্য মন্দস্পষ্টগতিতোঽধিকত্বে বিপরীতশোধনাচ্ছেষং পশ্চিমগতিরেব স্পষ্টেতি সর্ব্বমনবদ্যম্ ॥ ৫১ ॥

অঙ্ক হইতে বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্ককে ব্যাসার্দ্ধ * ও দ্বিতীয় শীঘ্রকর্ণ এই উভয়ের অন্তরাঙ্ক দ্বারা গুণ করত গুণফলকে ঐ শীঘ্রকর্ণের অঙ্কসংখ্যা দ্বারা ভাগ করিবে। যদি কর্ণ ব্যাসার্দ্ধ অপেক্ষা অধিক হয়, তাহা হইলে উক্ত ভাগলব্ধ ফলকে মন্দস্পষ্ট গতির অঙ্কসহ যোগ করিবে এবং কর্ণ ব্যাসার্দ্ধ অপেক্ষা ন্যূন হইলে বিয়োগ করিতে হইবে; কিন্তু যদি ভাগলব্ধ ফল মন্দস্পষ্টগতি অপেক্ষা অধিক হয় অর্থাৎ বিয়োগ হইতে না পারে, তাহা হইলে ঐ ভাগলব্ধ ফল হইতে মন্দস্পষ্টগতির অঙ্ক বিয়োগ করিবে; বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট

---

* কোন কোন টীকাকার এই ব্যাসার্দ্ধকে চতুর্থ সংস্কারের শীঘ্রকর্ণের কোটিজ্যারূপে গ্রাহ্য করেন

দূরস্থিতঃ স্বশীঘ্রোচ্চাদ্ গ্রহঃ শিথিলরশ্মিভিঃ।
সব্যেতরাকৃষ্টতনুর্ভবেদ্বক্রগতিস্তদা ॥ ৫২ ॥
কৃতর্ত্তুচন্দ্রৈর্বেদেন্দ্রৈঃ শূন্যত্র্যেকৈর্গুণাষ্টিভিঃ।
শররুদ্রৈশ্চতুর্থেষু কেন্দ্রাংশৈর্ভূসুতাদয়ঃ ॥৫৩ ॥
ভবন্তি বক্রিণস্তৈস্তু স্বৈঃ স্বৈশ্চক্রাদ্বিশোধিতৈঃ॥
অবশিষ্টাংশতুল্যৈঃ স্বৈঃ কেন্দ্রৈরুজ্ঝন্তি বক্রতাম্ ॥৫৪ ॥

অথ বক্রগত্যুপপত্তিমাহ। স্বশীঘ্রোচ্চাদ্ দূরস্থিতস্ত্রিভাধিকান্তরিতো গ্রহো ভৌমাদিকঃ শিথিল-রশ্মিভিঃ শীঘ্রোচ্চদেবতাহস্তস্থিতগ্রহবিম্বপ্রোতরজ্জুভিঃ সব্যেতরাকৃষ্টতনুর্দেবতায়াঃ সব্যবামভাগ আকর্ষিতা তনুঃ শরীরং বিম্বরূপং যস্যাসৌ যদা তদা বক্রগতিঃ স্যাৎ। অয়ং ভাবঃ। ত্রিভা-দূনান্তরিতো গ্রহো বৃত্তাকারবস্থৈরেবশিথিলৈর্দৈবতৈর্যথাকর্ষিতুং শক্যতে তথা ত্রিভাধিকান্তরিতো গ্রহো দৈবতৈর্বক্রাকারস্থৈঃ শিথিলৈরাকর্ষিতুং ন শক্যতেহতোহল্পধনর্ণফলস্থানে গ্রহো বক্রী ভবতি। আকর্ষণোৎকর্ষাভাবেন বৃত্তমার্গে বস্তুনো নীচগামিত্বসম্ভবাদিতি ॥ ৫২ ॥ অথ যৎ কেন্দ্রাংশেষু গতিফলমৃণং মন্দস্পষ্টগতিতুল্যং ভবতি তান্ বক্রারম্ভভাগাংস্তদন্তভাগাংশ্চ বিনা গতিসাধনপ্রকারং গ্রহবক্রতদন্তজ্ঞানার্থং শ্লোকাভ্যামাহ। ভৌমাদ্যা গ্রহাশ্চতুর্থকর্ম্মস্থ কেন্দ্রাংশৈঃ শীঘ্রকেন্দ্রাংশৈঃ কৃতর্ত্তুচন্দ্রৈরিত্যাদ্যঙ্করূপৈঃ ক্রমেণ বক্রিণো ভবন্তি। স্বকীয়ৈঃ স্বকীয়ৈস্তৈঃ কেন্দ্রাংশৈরুক্তৈর্ভশ্চক্রাদ্দ্বাদশরাশিভাগেভ্যঃ ষষ্টিযুতশতত্রয়েভ্যো বিশোধিতৈ-র্হীনৈরবশেষসমানৈঃ স্বকীয়ৈশ্চতুর্থকেন্দ্রাংশৈঃ। তুকারঃ ক্রমার্থে। ভৌমাদয়ো বক্রত্বং ত্যজন্তি। পরিবর্ত্তে বারদ্বয়ং ভুজতুল্যত্বেন নীচাসন্নে মন্দস্পষ্টগতিতুল্যগতিফলস্য সম্ভবা-

---

থাকিবে, তাহাকেই গ্রহের বক্রগতি কহে। ৫০-৫১। যখন কোন গ্রহ স্বীয় শীঘ্রোচ্চ হইতে দূরে অর্থাৎ তিন রাশি অপেক্ষা অধিক দূরে অবস্থিত থাকে, তখন তাহার রশ্মি শিথিল হওয়াতে উচ্চদেবতা বাম বা দক্ষিণভাগে তাহাকে আকর্ষণ করেন, অর্থাৎ গ্রহ তাঁহার বামদিকে থাকিলে দক্ষিণদিকে এবং দক্ষিণদিকে অবস্থিত হইলে তাহাকে বামদিকে আকর্ষণ করেন; এই জন্যই গ্রহের বক্রগতি হইয়া থাকে। ৫২। গ্রহস্ফুটগণনা কালে চতুর্থ সংস্কারের কেন্দ্রাংশ ১৬৪ হইলে মঙ্গলের বক্রগমন আরম্ভ হইয়া থাকে। ঐরূপ ১৪৪ অংশ হইলে বুধ, ১৩০ হইলে বৃহস্পতি, ১৬৩ হইলে শুক্র এবং ১১৫ অংশ হইলে শনির বক্রগমন আরম্ভ হয়। উল্লিখিত অংশসকলকে পৃথক্ পৃথক্‌রূপে ৩৬০ অংশ হইতে বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকে, সেই সেই অংশে উহারা বক্র-ত্যাগ করে অর্থাৎ ৩৬০ হইতে ১৬৪ বিয়োগ করিলে যে ১৯৬ অবশিষ্ট থাকে, যদি ঐ ১৯৬ অংশ উক্ত কেন্দ্রাংশের সমান হয়, তাহা হইলে তৎকালে মঙ্গলের বক্রতা ত্যাগ হইবে। ঐরূপে ২১৬ অংশ হইলে বুধ, ২৩০ হইলে বৃহস্পতি, ১৯৭ হইলে শুক্র এবং

মহত্ত্বাচ্ছীঘ্রপরিধেঃ সপ্তমে ভৃগুভূসুতৌ।
অষ্টমে জীবশশিজৌ নবমে তু শনৈশ্চরঃ ॥ ৫৫ ॥
কুজার্কিগুরুপাতানাং গ্রহবচ্ছীঘ্রজং ফলম্।
বামং তৃতীয়কং মান্দ্যং বুধভার্গবয়োঃ ফলম্ ॥ ৫৬ ॥

দিতি ॥ ৫৩-৫৪ ॥ অথ বক্রান্তভাগানামতুল্যত্বে কারণান্তরমপ্যাহ। শীঘ্রকেন্দ্রস্য সপ্তমে রাশৌ শুক্রভৌমৌ বক্রত্বং ত্যজতঃ। অষ্টমে রাশৌ গুরুবুধৌ বক্রত্যজনাহৌ। অত্র শুক্রগুর্ব্বোঃ পূর্ব্বোদ্দেশ ইতরাপেক্ষয়াভ্যর্হিতত্বজ্ঞাপকঃ। নবমে রাশৌ শনির্ব্বক্রত্বং ত্যজতি। তুরেবার্থে। তেন শনিরেব তত্র বক্রত্বং ত্যজতি নান্যে। অত্র কারণমাহ মহত্ত্বাদিতি। অন্যেষাং শীঘ্রপরিধেঃ প্রাগুক্তস্য মহত্ত্বাচ্ছনিশীঘ্রপরিধেরধিকত্বাৎ। তথা চ পরিধ্যধিকত্বেন পূর্ব্বমেব বক্রত্যজনমত এব ভৌমশুক্রয়োর্বুধগুরুভ্যাং প্রথমোদ্দেশঃ। শনেস্তু সুতরাং বুধগুর্ব্বোঃ শনিতঃ পূর্ব্বোদ্দেশঃ। ভৃগুভূসুতৌ জীবশশিজাবিত্যত্র পরিধ্যধিকত্বেন শুক্রগুর্ব্বোঃ প্রথমং কেবলমুদ্দেশো ন ভাগানামল্পত্বক্রম ইতি ভাবঃ। নমু পরিধ্যধিকত্বে পূর্ব্বপূর্ব্বরাশৌ বক্রত্যজনে কোপপত্তিরিতি চেচ্ছৃণু। শীঘ্রগতিসম্বন্ধশীঘ্রকর্ণাৎ ফলাংশখাঙ্কান্তরেত্যাদের্ব্বিলোমবিধিনা শীঘ্রোচ্চগতেঃ ফলকোটিজ্যাস্যাঃ ফলজ্যাস্যাস্ত্রিজ্যাভক্তং ভুজফলং চলকর্ণবিভাজিতামিত্যস্য বিলোমবিধিনা ভুজফলমস্মাৎ তদ্গুণে ভুজকোটিজ্যে ভগণাংশবিভাজিতে ইত্যস্য বিলোমপ্রকারেণ ভুজাংশজ্ঞানার্থং ভৌমাদীনাং ভুজজ্যা উত্তরোত্তরমধিকাঃ শীঘ্রপরিধিভ্যো যথোত্তরমপচয়বদ্ভ্যো হরেভ্যো লব্ধত্বাদ্ধরাধিকন্যূনত্বাভ্যাং ফলয়োন্যূনাধিকত্বনিশ্চয়াৎ তাসাং চাপানি ভুজভাগা যথোত্তরমধিকা বক্রারম্ভে তদন্তে চ তুল্যা অতএব তৃতীয়পদে বক্রান্তত্বাদ্ভুজভাগাঃ ষড়্যুতা যথোত্তরমধিকং শীঘ্রকেন্দ্রং তেষাং বক্রান্তে ভবতি। বক্রারম্ভস্য দ্বিতীয়পদে সম্ভবাদ্ভুজভাগহীনাঃ ষড্রাশয়স্তেষাং বক্রারম্ভে যথাপচিতং কেন্দ্রং ভবতি। তৎ তুক্তরীত্যা ভৌমশুক্রয়োঃ ষষ্ঠরাশৌ বুধগুর্ব্বোঃ পঞ্চমরাশৌ শনেশ্চতুর্থরাশাবিতি জ্ঞেয়ম্। ইদং ভগবতা বিনা চক্রশোধনমাপাততঃ শীঘ্রকেন্দ্ররাশিজ্ঞানাদ্বক্রান্তজ্ঞানং লোকানুকম্পার্থমনতিপ্রয়োজনমুক্তমিতি ধ্যেয়ম্ ॥ ৫৫ ॥ অথ চন্দ্রাদিগ্রহাণাং বিক্ষেপসাধনং শ্লোকাভ্যামাহ। ভৌমশনিগুরূণাং যে পাতা মধ্যাধিকারাগতাস্তেষাং শীঘ্রজং ফলং স্বগ্রহসম্বন্ধিচতুর্থকর্ম্মস্থশীঘ্রফলং পূর্ব্বসিদ্ধং গ্রহবদ্গ্রহে যথা সংস্কৃতং তথা সংস্কার্য্যম্। গ্রহশীঘ্রফলং গ্রহে চেদ্যুতং তদা

---

২৪৫ অংশ হইলে শনি বক্রতা ত্যাগ করে। ৫৩-৫৪। শুক্র এবং মঙ্গলের শীঘ্রপরিধি বৃহৎ, এজন্য শুক্র এবং মঙ্গলের শীঘ্রকেন্দ্র ৭ সাত রাশির সমতুল্য হইলে বক্রত্যাগ হইবে আর বৃহস্পতি ও বুধের ঐ শীঘ্রকেন্দ্র ৮ রাশির এবং শনির শীঘ্রকেন্দ্র ঐরূপ ৯ রাশির সমান হইলে ঐ সময় তাহাদিগের বক্রতা শেষ হইবে। ৫৫। স্ফুটগণনাকালে তাহাদিগের চতুর্থ শীঘ্রকেন্দ্রফলকে যেরূপে তাহাদের মধ্যতে যোগ বা বিয়োগ করা হইয়াছে,

স্বপাতোনাদ্ গ্রহাজ্জীবা শীঘ্রাদ্ ভৃগুজসৌম্যয়োঃ।
বিক্ষেপঘ্নান্ত্যকর্ণাপ্তা বিক্ষেপস্ত্রিজ্যয়া বিধোঃ ॥৫৭॥

তৎপাতে তদেব ফলং যোজ্যং চেদ্ধীনং তদা হীনং কার্য্যমিত্যর্থঃ। বুধশুক্রয়োস্তু তৃতীয়বং তৃতীয়কর্ম্মসম্বন্ধি মান্দ্যংফলং তৎপাতয়োর্ব্বিপরীতং সংস্কার্য্যং বুধশুক্রয়োর্মান্দ্যফলং ধনমৃণং চেৎ তৎপাতয়োস্তদেব ফলমৃণধনং ক্রমেণ কার্য্যমিত্যর্থঃ। অনুক্তত্ব চন্দ্রস্য যথাগত এব পাতো জ্ঞেয়ঃ। স্পষ্টগ্রহাৎ স্বস্য ফলসংস্কৃতো যঃ পাত স্তেন হীনাদ্ভুজজ্যা। বুধশুক্রযো র্বিশেষমাহ শীঘ্রাদিতি॥ শুক্রবুধযোঃ শীঘ্রোচ্চাৎ পাতেন হীনাদ্ভুজজ্যা ন পাতোনবুধশুক্রভোঃ ভুজজ্যা। বিশেষস্য সামান্যবাধকত্বাৎ। অর্থাৎ পূর্ব্বোক্তং চন্দ্রভৌমগুরুশনীনাং সিদ্ধম্। মধ্যাধিকারোক্তস্বমধ্যমবিক্ষেপকলাভিগুণ্যা চতুর্থকর্ম্মণি যঃ শীঘ্রকর্ণস্তেন ভক্তা ফলং গ্রহাণাং বিক্ষেপকলাঃ স্ফুটা ভবন্তি। নমু চন্দ্রস্য শীঘ্রকর্ণাসম্ভবাৎ তৎপাতোনভুজজ্যা খভগুণিতা কেন ভাজ্যেত্যত আহ ত্রিজ্যয়েতি। চন্দ্রস্য বিক্ষেপসাধনে তাদৃশী ভুজজ্যা ত্রিজ্যয়া ভজ্যেত্যর্থঃ। অত্রোপপত্তিঃ। যথা বিষুবদ্বৃত্তাৎ ক্রান্তিবৃত্তযাম্যোত্তরভাগৌ যদন্তরেণ যাম্যোত্তরসূত্রে সা ধ্রুবাভিমুখী ক্রান্তিস্তথ ক্রান্তিবৃত্তাদ্বিক্ষেপবৃত্তভাগৌ যদন্তরেণ যাম্যোত্তরসূত্রে স বিক্ষেপঃ কদম্বাভিমুখঃ। তথাহি। বিক্ষেপবৃত্তানি গ্রহবিম্বাধিষ্ঠিতানি সূর্য্যবাতিবিক্রগ্রহানাং ন্যূনং স্বস্বগোলে ভিন্না ন সূর্য্যস্যনিত্যং ক্রান্তিবৃত্তস্থত্ব মব তানি ক্রান্তিবৃত্তে গত্যা পোতান্যেব গচ্ছন্তি। তত্র বিক্ষেপক্রান্তিবৃত্তসম্পাতে পাতস্থানে তৎষড়্ভান্তরপ্রদেশে চ স্থিতে গ্রহবিম্বে বৃত্তপ্রদেশৈক্যাদন্তরাভাবেন গ্রহবিক্ষেপাভাবাঃ। যথা তস্ম দগ্রহবিম্বং গচ্ছতি তথা গ্রহবিম্বক্রান্তিবৃত্তস্থচিহ্নয়োর্যাম্যোত্তরং ক্রান্তিবৃত্তাদগ্রহস্য ভবতি তদেব বিক্ষেপসংজ্ঞম্। স চ পাতাৎ ত্রিভান্তরে গ্রহে মধ্যাধিকারোক্তঃ। অন্তরালে পাতস্থানাদগ্রহচিহ্নং ক্রান্তিবৃত্তে যদন্তরেণ তদন্তরং বাণ্যাদ্যাত্মকং পাতোনগ্রহরূপং তদ্ভুজজ্যানুপাতঃ। ত্রিজ্যাভুজজ্যয়া পরমবিক্ষেপস্তদেষ্টবা ভুজজ্যয়া পরমবিক্ষেপস্তদেষ্টবা ভুজজ্যয়া ক ইতি। এবং চন্দ্রস্যৈব ত্রিজ্যা ব্যাসার্দ্ধগোলে পরমশরস্য গণিতাগতপাতস্য চ লক্ষিতত্বাৎ। অন্যেষাং তু পরমশরাঃ শীঘ্রোচ্চদেবতাকৃষ্টগ্রহবিম্বাধিষ্ঠিতকল্পিতবৃত্তে শীঘ্রকর্ণব্যাসার্দ্ধে লক্ষিতাঃ। কথমন্যথা শীঘ্রফলসংস্কারেণ গ্রহস্য স্পষ্টত্বং যুক্তম্। গ্রহবিম্বস্য তৎস্থত্বে তৎপাতস্যাপি তৎস্থত্বং যুক্তম্। গ্রহবিম্বাধিষ্ঠিতবৃত্তে গ্রহভোগস্য মন্দস্পষ্টত্বেন গণিতাগতপাতান্মন্দস্পষ্টাচ্ছরসাধনমুপপন্নম্। তদুক্তং

সেইরূপ তাহাদিগের স্ব স্ব পাতে ঐ শীঘ্রফলকে যোগ বা বিযোগ করিবে। আর স্ফুটগণনাকালে যেরূপে বুধ ও শুক্রের তৃতীয় মান্দ্যফলকে তাহাদিগের মধ্যতে যোগ বা বিযোগ করা হইয়াছে, তাহার বিপরীতরূপে উহাদিগের পাতে ঐ তৃতীয় মান্দ্যফল যোগ বা বিয়োগ করিবে, অর্থাৎ স্ফুটগণনাকালে যদি তৃতীয় মান্দ্যফল যোগ করা হইয়া থাকে, তাহা হইলে উহাদিগের পাত হইতে তৃতীয় মান্দ্যফল বিয়োগ করিবে এবং যদি বিয়োগ করা হইয়া থাকে, তবে যোগ করিতে হইবে। ৫৬। মঙ্গল, বৃহস্পতি ও শনির স্ফুট

বিক্ষেপাপক্রমৈকত্বে ক্রান্তির্ব্বিক্ষেপসংযুতা।
দিগ্‌ভেদে বিযুতা স্পষ্টা ভাস্করস্য যথাগতা ॥৫৮॥

সিদ্ধান্তশিরমণৌ।—"মন্দস্ফুটো দ্রাক্‌প্রতিমণ্ডলে হি, গ্রহো ভ্রমত্যত্র চ তস্য পাতঃ। পাতেন যুক্তাদ্‌গণিতাগতেন, মন্দস্ফুটাৎ খেচরতঃ শরোঽস্মাৎ"॥ ইতি। তত্র স্পষ্টাচ্ছর-সাধনার্থং শীঘ্রফলং পাতে সংস্কৃতং শীঘ্রফলব্যস্তসংস্কৃতস্পষ্টগ্রহস্য মন্দস্পষ্টত্বাদ্ যথোক্ত-সংস্কৃতপাতোনে স্পষ্টগ্রহে পাতোনমন্দস্ফুটগ্রহস্য সিদ্ধেঃ। অথ বুধশুক্রপাতভগণৌ বাস্তবৌ নোক্তৌ। তৌ তু শীঘ্রকেন্দ্রভগণাধিকারতো গণিতাগতপাতয়োর্ম্মধ্যগ্রহোনশীঘ্রোচ্চরূপ-শীঘ্রকেন্দ্রযুতয়োর্দ্বাদশরাশিশুদ্ধয়োঃ পাতত্বম্। তত্র পূর্ব্বপাতস্য দ্বাদশশুদ্ধত্বাচ্ছীঘ্রকেন্দ্রং চক্র-শুদ্ধং যোজ্যমতো লাঘবাদ্‌গণিতাগতপাতস্য শীঘ্রোচ্চোনমধ্যগ্রহরূপং কেন্দ্রং যোজ্যমযং পাতো মন্দস্পষ্টে মন্দফলসংস্কৃতমধ্যরূপে হীন ইতি গ্রহয়োর্ম্মধ্যয়োর্নাশাদ্ যথাগতমন্দফলসংস্কৃতং শীঘ্রোচ্চং পাতোনমিতি সিদ্ধম্। তত্রাপি মন্দফলং পাতে ব্যস্তং কৃত্বা তদূনং শীঘ্রোচ্চং কৃতং সংস্কৃতপাতপংক্ত্যাং সংস্কৃতপাতয়োর্যুক্তত্বাৎ। অথেদানীং বিক্ষেপঃ কর্ণব্যাসার্দ্ধবৃত্তে ন ত্রিজ্যাবৃত্তে স্ফুটগ্রহস্থা ন অতঃকর্ণাগ্রেঽয়ং পূর্ব্বানুপাতানীতবিক্ষেপস্তদা ত্রিজ্যাগ্রেক ইত্যনু-পাতেন ত্রিজ্যাগুণঃ কর্ণো হরঃ পূর্ব্বং ত্রিজ্যাহর ইতি ত্রিজ্যয়োর্নাশাদ্ভুজজ্যা পরমবিক্ষেপগুণিতা শীঘ্রকর্ণভক্তেতি সর্ব্বমুক্তমুপপন্নম্॥ ৫৬-৫৭॥ অথ দিনরাত্রিমানজ্ঞানার্থং চরানয়নং বিবক্ষুঃ প্রথমং তদুপযুক্তাং স্পষ্টক্রান্তিমাহ। যস্য গ্রহস্য স্পষ্টক্রান্তিরভীষ্টা তস্য গ্রহস্যায়নাংশসংস্কৃতস্য ভুজজ্যা তঃ পরমাপক্রমজ্যোত্যাদিনা ক্রান্তিরয়নাংশসংস্কৃতগ্রহগোলদিক্কা জ্ঞেয়া তস্য বিক্ষেপো-ঽপি পূর্ব্বোক্তপ্রকারেণ পাতোনগোলদিক্কো জ্ঞেয়ঃ। গোলস্তু মেষাদিষট্‌কমুত্তরস্তুলাদিষট্‌কং দক্ষিণঃ। অথ শরক্রান্ত্যোরেকদিক্ত্বেন ক্রান্তিঃ কলাদ্যা কলাত্মকবিক্ষেপেণ যুতা তয়োর্দ্দি-গন্যত্বে ক্রান্তির্ব্বিক্ষেপেণ বিযুতান্তরিতা শেষদিক্কা স্পষ্টা ক্রান্তিঃ স্যাৎ। ননু সূর্য্যস্য বিক্ষেপা-ভাবাৎ কথং স্পষ্টা ক্রান্তির্জ্ঞেয়েত্যত আহ ভাস্করস্যেতি। সূর্য্যস্য যথাগত পূর্ব্বাগতা ক্রান্তি রেব স্পষ্টা ক্রান্তিঃ। অত্রোপপত্তিঃ। বিষুবদ্‌বৃত্তাদ্ গ্রহবিম্বকেন্দ্রপর্য্যন্তং যাম্যোত্তরং যান্তরং স্পষ্টক্রান্তিরিতি তয়োরেকদিক্ত্বে তদ্‌যোগতুল্যমন্তরং ভিন্নদিক্ত্বে তদন্তরমিতমন্তরমিতি। অত্র শরস্য ক্রান্তিসংস্কারযোগ্যত্বসম্পাদিকা ক্রিয়া লোকশ্রমভয়াৎ স্বল্পান্তরত্বাচ্চোপেক্ষিতা

হইতে এবং বুধ ও চন্দ্রের শীঘ্রোচ্চ হইতে তাহাদিগের স্বীয় স্বীয় পূর্ব্বশোধিত পাত বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার ভুজজ্যাকে উক্ত গ্রহদিগের পরম বিক্ষেপের অঙ্ক দ্বারা (যাহা প্রথমাধ্যায়ের ৭০ শ্লোকে কথিত হইয়াছে) গুণ করিয়া গুণফলকে চতুর্থ শীঘ্রকর্ণের অঙ্ক দ্বারা ভাগ করিবে। যে ভাগফল লব্ধ হইবে তাহাই মঙ্গল, বৃহস্পতি, শনি, বুধ ও শুক্রের বিক্ষেপ; কিন্তু চন্দ্রের বিক্ষেপ সাধনকালে চতুর্থ শীঘ্রকর্ণ স্থলে ব্যাসার্দ্ধ দ্বারা ভাগ করিতে হয়। ভাগ করিয়া যে ফল লব্ধ হইবে, তাহাই চন্দ্রের বিক্ষেপ॥ ৫৭। কোন গ্রহের স্পষ্টক্রান্তি সাধন করিতে হইলে সেই গ্রহের বিক্ষেপ ও অপক্রম

গ্রহোদয়প্রাণহতা খখাষ্টৈকোদ্ধৃতা গতিঃ।
চক্রাসবো লব্ধযুতাঃ স্বাহোরাত্রাসবঃ স্মৃতাঃ ॥ ৫৯ ॥
ক্রান্তেঃ ক্রমোৎক্রমজ্যে দ্বে কৃত্বা তত্রোৎক্রমজ্যয়া।
হীনা ত্রিজ্যা দিনব্যাসদলং তদ্দক্ষিণোত্তরম্ ॥ ৬০ ॥

ভগবতা কৃপাবতা। অন্যথা শবস্য ধ্রুবাভিমুখত্বে ভগবদুক্তমায়নদৃক্কর্ম্ম কথমব্যাহতং স্যাদিত্যলম্ ॥৫৮॥ অথ দিনরাত্রিমানজ্ঞানার্থমহোরাত্রাসূন সাধয়তি। গ্রহস্য যেহয়নাংশসংস্কৃতরাশের্ব্বক্ষ্যমাণানিবক্ষোদয়াসবস্তৈর্গুণতা নিজস্ফুটগতিং কলাদ্যাষ্টাদশশতভক্ত্যা ফলেন যুতাশ্চক্রাসবঃ ষষ্টিঘটিকানামসবঃ ষট্‌শতযুতৈকবিংশতিসহস্রমিতাঃ স্বস্বগ্রহস্যাহোরাত্রংসবঃ কালতত্ত্বজ্ঞৈঃ কথিতাঃ। অত্রোপপত্তিঃ। গ্রহঃ পূর্ব্বগত্যা লম্বিতঃ প্রবহেণ গতিভোগকালেন ভচক্রপরিবর্ত্তানন্তরমুদেত্যত ভচক্রপরিবর্ত্তকালঃ ষষ্টিঘটিকাসুমিতো গ্রহগতিকলাসম্বন্ধাস্বাত্মককালেনাধিকো গ্রহাহোরাত্রমস্বাত্মকং নাক্ষত্রপ্রমাণেন ভবতি। তত্রৈকরাশিকলাভিগ্রহসম্বন্ধরাশ্যুদয়প্রাণাস্তদা গতিকলাভিঃ ক ইত্যনুপাতেন গত্যসব ইত্যুপাপন্নং গ্রহোদয়েত্যাদি। অনেনৈব শ্লোকেন গ্রহাণামুদয়ান্তরকর্ম্মাস্ত্যুক্তং ভগবতা। তথাহি। অনুপাতানীতমধ্যগ্রহাণাং নিয়তাহোরাত্রমানান্তরকালে সিদ্ধত্বান্ন মধ্যরাত্রকালে গ্রহাণাং সিদ্ধিঃ। রবিমধ্যগত্যাসূনাং প্রতিরাশৌ ভিন্নত্বেন মধ্যসূর্য্যাহোরাত্রমানস্য নিয়তত্বাভাবাদতস্ত্রৈরাশিকাবগতগ্রহা অনিয়তমধ্যাহোরাত্রমানান্তরেণার্দ্ধরাত্রে যৎসংস্কারেণ ভবন্তি তদেবোদয়ান্তরং তৎসাধনং ভগবতা স্বল্পান্তরত্বাদুপেক্ষিতম্। কথমন্যথা গতিকলাসূনাং সমত্বমুপেক্ষ্য গতিকলানামসবো ভগবদুক্তাঃ সঙ্গচ্ছন্তে। উদয়ান্তরস্য গতিকলাসুভেদোৎপন্নত্বাৎ ॥ ৫৯ ॥ অথ চরোপযুক্তাং ক্রান্তিজ্যাং দ্যুজ্যাং চাহ। স্পষ্টক্রান্তেঃ ক্রমোৎক্রমজ্যে ক্রমজ্যোৎক্রমজ্যে দ্বে অপি প্রসাধ্য তত্র তন্মধ্যে ক্রান্ত্যুৎক্রমজ্যয়া ত্রিজ্যাহীনা দীনব্যাসদলমহোরাত্রবৃত্তস্য ব্যাসার্দ্ধং দ্যুজ্যেত্যর্থঃ। তদ্দিনব্যাসার্দ্ধং

যদি রবিমার্গের একদিকে অবস্থিত থাকে, * তাহা হইলে তাহার মধ্যক্রান্তির সহিত বিক্ষেপাঙ্ককে যোগ করিবে এবং এক দিকে অবস্থিত না থাকিলে মধ্য ক্রান্তির হইতে বিক্ষেপাঙ্ক বিয়োগ করিতে হইবে। এই প্রকারে যোগ বা বিয়োগ করিয়া যে ফল লব্ধ হইবে, তাহাই সেই গ্রহের স্পষ্টক্রান্তি; কিন্তু রবির মধ্যক্রান্তিই তাহার স্পষ্টক্রান্তি ॥ ৫৮ ॥ সায়নগ্রহ যে রাশিতে অবস্থিতি করে, সেই রাশির লগ্নমানের প্রাণাঙ্ক দ্বারা সেই গ্রহের দৈনিক কলাদি গতির অঙ্ককে গুণ করত গুণফলকে ১৮০০ দ্বারা ভাগ করিয়া ভাগলব্ধ ফলকে-দ্বাদশ রাশির লগ্নমানের প্রাণাঙ্কের সহিত যোগ করিলে যে সমষ্টি হইবে, তাহাই সেই গ্রহের অহোরাত্রের পরিমাণ হইবে। ৫৯। পূর্ব্বকথিতরূপে গ্রহের ক্রান্তির ক্রমজ্যা এবং উৎক্রমজ্যা সাধনপূর্ব্বক উৎক্রমজ্যাকে ব্যাসার্দ্ধ হইতে হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে,

---

* মেষাদি কন্যা পর্য্যন্ত উত্তর এবং তুলাদি মীন পর্য্যন্ত দক্ষিণদিক্।

ক্রান্তিজ্যা বিষুবদ্ভাঘ্নী ক্ষিতিজ্যা দ্বাদশোদ্ধৃতা।
ত্রিজ্যাগুণাহোরাত্রার্দ্ধকর্ণাপ্তা চরজাসবঃ ॥ ৬১ ॥
তৎকার্ম্মুকমুদক্‌ক্রান্তৌ ধনহানী পৃথক্‌স্থিতে।
স্বাহোরাত্রচতুর্ভাগে দিনরাত্রিদলে স্মৃতে ॥ ৬২ ॥

দ্যুজ্যেত্যর্থঃ। তদ্দিনব্যাসার্দ্ধং দক্ষিণোত্তরং দক্ষিণগোলে উত্তরগোলে চ স্যাৎ। ক্রান্তের্গোলদ্বয়েঽপি সত্ত্বাৎ। অপরা ক্রান্তিজ্যৈব। অত্রোপপত্তিঃ ক্রান্ত্যংশানাং ক্রমজ্যা ক্রান্তিজ্যা ভুজা বিষুবদ্বৃত্তানুকারাণ্যহোরাত্রবৃত্তান্যুভয়গোলে তদুভয়বৃত্তব্যাসার্দ্ধং দ্যুজ্যা কোটিস্ত্রিজ্যা কর্ণ ইতি গোলে প্রত্যক্ষম্। ত্রিজ্যাবৃত্ত উন্মণ্ডলে যাম্যোত্তরবৃত্তে বা প্রত্যক্ষম্। তত্র ভুজকর্ণয়োর্ব্বর্গান্তরপদং কোটিরিতি ক্রান্তিজ্যাবর্গোনাত্রিজ্যাবর্গান্মূলং দ্যুজ্যা। তত্রাপি ভুজোৎক্রমজ্যয়া হীনা ত্রিজ্যা কোটিক্রমজ্যা স্যাদিতি বৃত্তে প্রত্যক্ষদর্শনাৎ ক্রান্ত্যুৎক্রমজ্যয়োনা ত্রিজ্যা দ্যুজ্যা স্যাদিতি লাঘবেন বর্গমূলনিরাসেনোক্তং ভগবতা ক্রান্তেরিত্যাদি ॥ ৬০ ॥ অথ চরানয়নপূর্ব্বকদিনরাত্রিমানসাধনং শ্লোকত্রয়েণাহ। ক্রান্তিজ্যা বিষুবদ্দিনীয়মধ্যাহ্নে দ্বাদশাঙ্গুলশঙ্কোশ্ছায়য়া গুণ্যা দ্বাদশভক্তা ফলং কুজ্যা স্যাৎ। সা ত্রিজ্যয়া গুণিতাহোরাত্রার্দ্ধকর্ণাপ্তাহোরাত্রবৃত্তস্যার্দ্ধকর্ণেন ব্যাসদলেন দ্যুজ্যয়া ভক্তা ফলং চরজ্যা চরজ্যেত্যর্থঃ। অস্যাশ্চ জ্যায়া ধনুরসবশ্চরাসবো ভবন্তু। স্বাহোরাত্রচতুর্ভাগে স্বস্য চরসম্বন্ধিনো গ্রহস্য প্রাগুক্তাহোরাত্রাসবস্তেষাং চতুর্থাংশে পৃথক্‌স্থিতে স্থানদ্বয়স্থে উত্তরক্রান্তৌ সত্যাং চরাসুধনহানী যুতোহীনৌ কার্য্যৌ তৌ ক্রমেণ দিনরাত্রিদলে দিনার্দ্ধরাত্র্যর্দ্ধে কালবিদ্ভিরুক্তে। দক্ষিণক্রান্তৌ সত্যাং বিপর্য্যস্তে দিনরাত্রিদলে যত্র হীনং তদ্দিনার্দ্ধং যত্র যুতং তদ্রাত্র্যর্দ্ধমিত্যর্থঃ। তুকারাৎ তে দিনরাত্র্যর্দ্ধে দ্বিগুণে দিনক্ষপে দিনমানরাত্রিমানে গ্রহস্য স্তঃ। উক্তরীত্যা নক্ষত্রাণামপি দিনরাত্রিমানে সাধ্যে ইত্যাহ বিক্ষেপেত্যাদি। নক্ষত্রধ্রুবাণামানীতয়া ক্রান্ত্যা নক্ষত্রবিক্ষেপেণৈকভিন্না দিকক্রমেণ যুক্তয়ান্তরিতয়োক্তপ্রকারেণ সিদ্ধয়া স্বকে নক্ষত্রদিনরাত্রিমানে সাধ্যে

তাহাই মহাবিষুবরেখার দক্ষিণ বা উত্তর দৈনিক বৃত্তের ব্যাসার্দ্ধ হইবে, ইহাকেই দ্যুজ্যা কহে এবং ক্রমজ্যাকেই ক্রান্তিজ্যা বলা যায়। ৬০। উপরোক্ত ক্রান্তিজ্যাকে বিষুবদিনের পলভা দ্বারা গুণ করিয়া গুণফলকে ১২ দ্বারা ভাগ করিলে যে ফল লব্ধ হইবে, তাহার নাম কুজ্যা। কুজ্যাকে ব্যাসার্দ্ধ দ্বারা গুণ করিয়া গুণফলকে পূর্ব্বকথিত দ্যুজ্যা দ্বারা ভাগ করিলে যে ফল হইবে, তাহাকে চরজ্যা কহে। ঐ চরজ্যার কলাদি ধনুই চরার্দ্ধের প্রাণ। যদি ক্রান্তি উত্তরদিগ্বর্ত্তিনী হয়, তাহা হইলে অহোরাত্রের পরিমাণের চতুর্থাংশকে দুই স্থানে রাখিয়া এক স্থানস্থ অঙ্কে উক্ত চরার্দ্ধ যোগ এবং অন্য স্থানস্থ অঙ্ক হইতে বিয়োগ করিবে, তাহা হইলেই যথাক্রমে দিনার্দ্ধমান ও রাত্র্যর্দ্ধমান নিরূপিত হইবে। আর যদি ঐ ক্রান্তি দক্ষিণদিগ্বর্ত্তিনী হয়, তাহা হইলে উক্ত চরার্দ্ধকে যথাক্রমে বিয়োগ এবং যোগ করিবে, এইরূপ

যাম্যক্রান্তৌ বিপর্য্যস্তে দ্বিগুণে তু দিনক্ষপে।
বিক্ষেপযুক্তোনিতয়া ক্রান্ত্যা ভানামপি স্বকে ॥ ৬৩ ॥
ভভোগোঽষ্টশতী লিপ্তা খাশ্বিশৈলাস্তথা তিথেঃ।
গ্রহলিপ্তা ভভোগাপ্তা ভানি ভুক্ত্যা দিনাদিকম্ ॥ ৬৪॥

ইত্যর্থঃ। অত্রোপপত্তিঃ। দ্বাদশাঙ্গুলশঙ্কুঃ কোটিঃ ফলভা ভুজোঽক্ষকর্ণঃ কর্ণঃ ক্রান্তিজ্যা কোটিঃ কুজ্যা ভুজোঽগ্রাকর্ণ ইত্যক্ষক্ষেত্রদ্বয়ং প্রসিদ্ধম্। তত্র দ্বাদশকোটৌ ফলভা ভুজঃ ক্রান্তিজ্যাকোটৌ কো ভুজ ইত্যনুপাতেন কুজ্যা। তৎস্বরূপং তু নিরক্ষদেশক্ষিতিজস্বদেশক্ষিতিজান্তরালস্থিতাহোরাত্রবৃত্তপ্রদেশস্য দ্যুজ্যাপ্রমাণেন জ্যেতি ত্রিজ্যাপ্রমাণেন তজ্জ্যা চরজ্যেতি দ্যুজ্যাপ্রমাণেন কুজ্যা ত্রিজ্যাপ্রমাণেন কেত্যনুপাতেন চরজ্যা তদ্ধনুশ্চরাসবোঽহোরাত্রবৃত্তখণ্ডপ্রদেশে নিরক্ষস্বক্ষিতিজান্তরাল উত্তরগোলে স্বক্ষিতিজস্য নিরক্ষক্ষিতিজাদধঃস্থত্বান্নিরক্ষক্ষিতিজযাম্যোত্তরবৃত্তান্তরালেঽহোরাত্রবৃত্তচতুর্থাংশত্বাদহোরাত্রাসুচতুর্থাংশে চরাসবো যুতা দিনার্দ্ধং হীনা রাত্র্যর্দ্ধং দক্ষিণগোলে স্বক্ষিতিজস্য নিরক্ষক্ষিতিজাদূর্দ্ধস্থত্বাদ্ধীনা দিনার্দ্ধং যুতা রাত্র্যর্দ্ধমিত্যুপপন্নং সর্ব্বং ক্রান্তিজ্যেত্যাদি ॥ ৬২ ৬৩॥ অথ গ্রহস্য নক্ষত্রানয়নমাহ। অষ্টশতমিতাঃ কলা নক্ষত্রভোগঃ। প্রসঙ্গাৎ তিথিভোগমাহ খাশ্বিশৈলা ইতি। তিথের্ব্বিংশত্যধিকসপ্তশতমিতাঃ কলাস্তথা ভোগ ইত্যর্থঃ। যস্য গ্রহস্য নক্ষত্রজ্ঞানমিষ্টং তস্য গ্রহস্য রাশয়স্ত্রিংশদ্গুণ্যা অংশা যোজ্যাস্তে ষষ্টিগুণিতাঃ কলা যোজ্যা ইতি পরিভাষয়া কলা নক্ষত্রভোগভক্তাঃ ফলং গ্রহস্য গতনক্ষত্রাণি শেষং বর্ত্তমাননক্ষত্রস্য গতকলাস্তস্মাৎ তস্য গতদিনাদ্যানয়নমাহ ভুক্ত্যেতি। গ্রহস্য কলাত্মিকয়া গত্যা শেষদিনাদিকং গতং ভাগহরণেন সাধ্যমেবং শেষোনাদ্ভোগাদগতিকলা ভাগেনৈষ্যদিনাদিকং সাধ্যম্। অত্রোপপত্তিঃ। ভচক্রভোগেন সপ্তবিংশতিনক্ষত্রাণ্যশ্বিন্যাদীনি গ্রহো ভুনক্ত্যতঃ সপ্তবিংশতিনক্ষত্রাণাং চক্রকলাঃ ষট্শতযুতৈকবিংশতিসহস্রমিতা ভোগাস্তদৈকনক্ষত্রস্য ক ইত্যনুপাতেনাষ্টশতকলাভোগঃ। এবং তিথেশ্চান্দ্রমাসত্রিংশদংশত্বাচ্চান্দ্রমাসস্য সূর্য্যচন্দ্রান্তরৈকভগণসিদ্ধত্বাচ্চ। ত্রিংশত্তিথীনাং চক্রকলাভোগস্তদৈকতিথেঃ ক ইত্যনুপাতেন বিংশত্যধিকসপ্তশতকলাভোগঃ। অথাষ্টশতকলাভিরেকং নক্ষত্রং তদা গ্রহকলাভিঃ কিমিত্যনুপাতেন

করিলেই পূর্ব্ববৎ দিনার্দ্ধমান ও রাত্র্যর্দ্ধমান নিরূপিত হইবে। দিনার্দ্ধমান ও রাত্র্যর্দ্ধমানকে দ্বিগুণ করিলেই দিনমান ও রাত্রিমান স্থির হইবে। এইরূপ নাক্ষত্রিক দিনের পরিমাণ অবগত হইতে হইলে যথাক্রমে তাহাদিগের ক্রান্তির অঙ্কের সহিত তাহাদিগের বিক্ষেপাঙ্ক যোগ বা বিয়োগ করিবে। ৬১-৬৩। ভভোগ অর্থাৎ নক্ষত্রের পরিমাণ ৮০০ কলা এবং তিথি বা চান্দ্রদিনের পরিমাণ ৭২০ কলা। অভীষ্টসময়ের গ্রহস্ফুটের রাশ্যাদিকে কলা করিয়া পূর্ব্বোক্ত ভভোগ (৮০০) দ্বারা ভাগ করিলে যাহা ভাগফল লব্ধ হইবে, তাহাই সেই গ্রহের ভুক্ত নক্ষত্র অর্থাৎ অশ্বিনী হইতে যত নক্ষত্র ভুক্ত হইয়াছে তাহা জানা যাইবে। আর যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই বর্ত্তমান নক্ষত্রের ভুক্তাংশ। অনন্তর, সেই গ্রহের দৈনিক স্ফুটগতি দ্বারা ভাগাবশিষ্টাঙ্ককে ভাগ করিলে দিনাদি যে ভাগফল

রবীন্দুযোগলিপ্তাভ্যো যোগা ভভোগভাজিতাঃ।
গতা গম্যাশ্চ ষষ্টিঘ্না ভুক্তিযোগাপ্তনাড়িকাঃ॥ ৬৫॥
অর্কোনচন্দ্রলিপ্তাভ্যস্তিথয়ো ভোগভাজিতাঃ।
গতা গম্যাশ্চ ষষ্টিঘ্না নাড্যো ভুক্ত্যন্তরাদ্ধৃতাঃ॥ ৬৬॥

ফলমশ্বিন্যাদীনি প্রগতভুক্তানি শেষকলা গ্রহাধিষ্ঠিতনক্ষত্রস্য গতং তদ্ভোগাদ্ধীনং তচ্ছেষামাভ্যাং গ্রহগত্যৈকং দিনং তদাভীষ্টকলাভিঃ কিমিত্যনুপাতেন তস্য গতৈষ্যদিবসাদ্যং ভবতি। এবং চন্দ্রাদিনক্ষত্রং জ্ঞেয়ম্॥ ৬৪॥ অথ প্রসঙ্গাদ্যোগানয়নমাহ। সূর্য্যচন্দ্রযোগস্য রাশ্যাদিকস্য পরিভাষয়া যাঃ কলাস্তাভ্যো যোগা বিষ্কুম্ভাদয়ো ভভোগভাজিতা ভভোগেন পূর্ব্বোক্তেন বিভক্তা ভবন্তি। একৈকযোগস্য ভভোগমিতো ভোগঃ স প্রত্যেকং তাভ্যোঽপনীয় যস্মিন্তাঃ শুদ্ধাস্তস্মিন্‌গতা যোগা গতাঃ। যস্য ভোগো ন শুদ্ধ্যতি স বর্ত্তমান ইত্যর্থঃ। কলা ভভোগভক্তা গতা যোগাস্তদগ্রিমো বর্ত্তমান ইতি তাৎপর্য্যম্। তস্য শেষং গতং ভোগাৎ পতিতমেষ্যং। তাভ্যাং ঘটিকাদ্যানয়নমাহ গতা ইতি। গতা এষ্যাঃ। চঃ সমুচ্চয়ে। কলাঃ ষষ্টিগুণিতাঃ কার্য্যাস্তাভ্যো ভুক্তিযোগাপ্তনাড়িকা রবিচন্দ্রকলাত্মকগত্যোর্যোগেন ভজনাল্লব্ধা ঘটিকা গতৈষ্যা ভবন্তি। অত্রোপপত্তিঃ। সূর্য্যচন্দ্রযোগমিতস্য গ্রহস্য নক্ষত্রাণি বিষ্কুম্ভাদিসংজ্ঞানি যোগোৎপন্নত্বাদ যোগা অতস্তদানয়নং পূর্ব্বোক্তবৎ। অতএব সূর্য্যচন্দ্রগতিযোগতুল্যাতদগত্যা ষষ্টিসাবনঘটিকাস্তদা গতৈষ্যকলাভিঃ কা ইত্যনুপাতেন গতৈষ্যঘটিকানয়নং যুক্তমুক্তম্॥ ৬৫॥ অথ প্রসঙ্গাৎ তিথ্যানয়নমাহ। পূর্ব্বার্দ্ধব্যাখ্যানং পূর্ব্বশ্লোকপূর্ব্বার্দ্ধরীত্যা জ্ঞেয়মুত্তরার্দ্ধং স্পষ্টম্। অত্রোপপত্তিঃ। তিথিভোগকলাভিরেকা তিথিস্তদা সূর্য্যোনচন্দ্রকলাভিঃ কা ইত্যনুপাতেন ফলং গততিথয়ো বর্ত্তমানতিথের্গতৈষ্যে শেষশেষোনভোগকলে তাভ্যাং গত্যন্তরকলাভিরনু-

---

লব্ধ হইবে, তদ্দ্বারা জানা যাইবে যে, তত দিন-দণ্ডাদি পূর্ব্বে সেই গ্রহ বর্ত্তমান নক্ষত্রে গমন করিয়াছে অর্থাৎ সেই নক্ষত্রে সঞ্চার হইয়াছে। ৬৪। অভীষ্টসময়ে রবি এবং চন্দ্রের স্ফুটকে একত্র যোগ করিয়া যোগজ রাশ্যাদিকে কলা করিয়া ভভোগ (৮০০) দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাই গত (বিষ্কুম্ভাদি) যোগ আর যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই বর্ত্তমান যোগে গত অংশ এবং ঐ অবশিষ্টাঙ্ককে ৮০০ হইতে হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার নাম গম্য। এই উভয়াঙ্ককে পৃথক্‌রূপে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফলদ্বয়কে রবি ও চন্দ্রের স্ফুটগতির সমষ্টি দ্বারা ভাগ করিলে যে ভাগফলদ্বয় লব্ধ হইবে, তাহা যথাক্রমে বর্ত্তমান যোগের গত এবং গম্য দণ্ডাদি হইবে। ৬৫। অভীষ্টসময়ে চন্দ্রের স্ফুট হইতে রবির স্ফুট হীন করিলে যে রাশ্যাদি অবশিষ্ট থাকে, তাহাকে কলা করিয়া তিথির ভোগ ৭২০ দ্বারা ভাগ করিলে যে অঙ্ক লব্ধ হইবে, তাহা গত তিথি বা চান্দ্রদিন আর যাহা অবশিষ্ট থাকিবে, তাহা বর্ত্তমান তিথির গত অংশ এবং ঐ অবশিষ্টাঙ্ককে ৭২০ হইতে বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহাই গম্য। এই গত ও গম্য উভয়াঙ্ককে পৃথক্ পৃথক্ ৬০ দ্বারা গুণ করিয়া গুণফলকে পৃথক্ পৃথক্ দুই স্থানে রাখিবে। পরে চন্দ্রের দৈনিক

ধ্রুবাণি শকুনির্নাগং তৃতীয়ং তু চতুষ্পদম্ ।
কিন্তুঘ্নং তু চতুর্দ্দশ্যাঃ কৃষ্ণায়াশ্চাপরার্দ্ধতঃ ॥ ৬৭ ॥
ববাদীনি ততঃ সপ্ত চরাখ্যকরণানি চ।
মাসেঽষ্টকৃত্ব একৈকং করণানাং প্রবর্ত্ততে ॥ ৬৮ ॥

পাতেন গতৈষ্যঘটিকাঃ পূর্ব্ববৎ ॥ ৬৬ ॥ অথ পঞ্চাঙ্গাবশিষ্টং করণানয়নং বিবক্ষুস্তাবৎ স্থিরকরণান্যাহ। কৃষ্ণপক্ষীয়াযাশ্চতুর্দ্দশ্যাস্তিথের্দ্বিতীয়ার্দ্ধাদ্ দ্বিতীয়ার্দ্ধমারভ্যেত্যর্থঃ। চকার এবার্থে। তেনান্যতিথেরেতত্তিথিপূর্ব্বার্দ্ধস্য চ নিরাসঃ। স্থিরাণি করণানি। তান্যাহ শকুনিরিতি। চতুর্ব্বিন্দু তৃতীয়মনেন শকুনিনাগয়োঃ ক্রমেণাদ্যদ্বিতীয়ত্বং সূচিতম্। তুকারাৎ ক্রমেণ তিথ্যার্দ্ধেষু ভবন্তি। কিন্তুঘ্নং চতুর্থম্ তুরন্তাবধিদ্যোতকঃ তেনোক্তাতিরিক্তং স্থিরকরণং নাস্তীতি সূচিতম্ ॥ ৬৭ ॥ অথ চরকরণান্যাহ। স্থিরকরণপূর্ত্তানন্তরং ববাদীনি চরসংজ্ঞককরণানি সপ্ত ভদ্রান্তানি শুক্লপ্রতিপদদ্বিতীযার্দ্ধতশ্চতুর্গান্তং ভবন্তীতি চার্থঃ। ননু পঞ্চম্যাদিতঃ কানি করণানি ভবন্তীত্যত আহ মাস ইতি। চরকরণানাং ববাদীনাং সপ্তানাং মধ্য একৈকমেকং করণং মাসে স্থিরকরণকালোনিতত্রিংশত্তিথ্যাত্মকমাসে স্বল্পান্তরান্মাসগ্রহণম। অষ্টকৃত্বোঽষ্টবারং প্রবর্ত্ততে প্রকর্ষেণ তিষ্ঠতি ভবতীত্যর্থঃ। তথা চ পঞ্চম্যাদ্যর্দ্ধাদে তানি করণানি পুনঃ পুনঃ পরিভ্রমন্তি। কৃষ্ণচতুর্দ্দশ্যাদ্যার্দ্ধপর্য্যন্তমিতি ভাবঃ ॥ ৬৮ ॥ ননু স্থিরকরণোক্তাব-

---

স্ফুটগতি হইতে রবির দৈনিক স্ফুটগতি হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তদ্দ্বারা পূর্ব্বস্থাপিত অঙ্কদ্বয়কে যথাক্রমে ভাগ করিলে যথাক্রমে বর্ত্তমান তিথির গত এবং গম্য দণ্ডাদি অবগত হইতে পারা যায়। ৬৬। কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীর পরার্দ্ধ হইতে আরম্ভ হইয়া শুক্লপক্ষের প্রতিপদের পূর্ব্বার্দ্ধ পর্য্যন্ত ক্রমশ শকুনি, নাগ, চতুষ্পাদ এবং কিন্তুঘ্ন এই চারিটী স্থির করণ হইয়া থাকে। ৬৭। আর ববাদি সপ্তসংখ্যক চর নামক করণ শুক্লপক্ষের প্রতিপদের পরার্দ্ধ অবধি যথাক্রমে হইয়া থাকে। ঐ করণগণ প্রত্যেকেই প্রতিমাসে অষ্টবার করিয়া পরিবর্ত্তিত হয়। ৬৮।

স্পষ্টার্থ—কোন্ তিথির পূর্ব্বার্দ্ধে ও পরার্দ্ধে কোন্ করণ হইবে, তাহা নিম্নস্থিত চক্রে প্রদর্শিত হইতেছে। ঐ প্রথম চক্রের পংক্তিতে ১ হইতে ৩০টী তিথি অর্থাৎ শুক্লপক্ষের প্রতিপৎ অবধি অমাবস্যা পর্য্যন্ত লিখিত হইয়াছে। দ্বিতীয় ৫ম পংক্তিতে ঐ ঐ তিথির পূর্ব্বার্দ্ধে যে যে করণ হইবে, তাহার অঙ্ক রাখা হইয়াছে। তৃতীয় ও ৬ষ্ঠ পংক্তিতে ঐ ঐ তিথির পরার্দ্ধে যে যে করণ হইবে, তাহার অঙ্ক রাখা হইয়াছে। যথা প্রথম পংক্তির ১ একের অঙ্কে শুক্লপক্ষের প্রতিপৎ। ঐ তিথির পূর্ব্বার্দ্ধ হইলে দ্বিতীয় পংক্তির প্রথমে কিং দ্বারা কিন্তুঘ্নকরণ এবং পরার্দ্ধ হইলে তৃতীয় পংক্তির ১ অঙ্কের ববকরণ হইবে। এইরূপ ক্রমে ক্রমে গণনা করিতে হইবে। ঐ সকল করণের নাম ১ বব, ২ বালব, ৩ কৌলব, ৪

তিথ্যর্দ্ধভোগং সর্ব্বেষাং করণানাং প্রকল্পয়েৎ।
এষা স্ফুটগতিঃ প্রোক্তা সূর্য্যাদীনাং খচারিণাম্ ॥ ৬৯ ॥
ইতি শ্রীসূর্য্যসিদ্ধান্তে স্পষ্টাধিকারঃ ॥

পরার্দ্ধিত ইত্যুক্ত্যা তেষাং চতুর্ণাং তিথ্যর্দ্ধভোগেন শুক্লপ্রতিপদাদ্যার্দ্ধপর্য্যন্তং ক্রমেণাবস্থানং যুক্তং চরকরণানাং তু কেবলোক্ত্যা তদনন্তরং কৃষ্ণচতুর্দশ্যাদ্যার্দ্ধপর্য্যন্তমেক এব পরিভ্রমোঽস্থিতাতস্তদ্বস্তরং কথয়ন্নন্তদপ্যাহ। সপ্তানাং চরকরণানাং প্রত্যেকং তিথ্যন্তশ্চাসৌ ভোগশ্চ তং তিথ্যর্দ্ধকালমিতাবস্থানং প্রকল্পয়েৎ। একত্র নির্ণীতঃ শাস্ত্রার্থোঽপরত্র ভবতীতি ন্যায়াৎ করণত্বে নৈষামপ্যবস্থানং তত্তুল্যং কুর্য্যাদিত্যর্থঃ। অত এব তিথ্যর্দ্ধং করণং স্মৃতমিত্যুক্ত্যা চান্দ্রমাসে ত্রিংশত্তিথ্যাত্মকে ষষ্টিকরণানাং সন্নিবেশাচ্চরকরণানামেব পরিভ্রমণে প্রতিমাসমনিয়ততিথিভোগকং করণং ভবতীতি তদ্বারণকপ্রতিমাসনিয়ততিথিভোগককরণকসিদ্ধ্যর্থং চরকরণানামষ্টবারপরিভ্রণোত্তরমবশিষ্টতিথ্যোশ্চতুর্ষ্বর্দ্ধেষু স্থিরকরণান্যুক্তানীতি তাৎপর্য্যম্। তত্রাপি কৃষ্ণচতুর্দশ্যপরার্দ্ধতস্তৎকল্পনং তদিচ্ছানিয়ামকং স্বতন্ত্রেচ্ছস্য নিয়োগানর্হত্বাৎ। অথা-

---

৪ তৈতিল, ৫ গর, ৬ বণিজ, ৭ বিষ্টি এই সাত আর শকুনি, চতুষ্পাদ নাগ ও কিস্তুঘ্ন এই চারি করণ মিলিয়া একাদশ করণ হয়। নিম্নস্থ চক্রে বিষ্টির পরিবর্ত্তে (০) শূন্য আর শকুনির পরিবর্ত্তে (শ), চতুষ্পাদের (চ), নাগের (না), কিস্তুঘ্নের (কিং) ইহা লিখিত হইল।

তিথিমানের অর্দ্ধভাগই প্রত্যেক করণের ভোগকাল। হে ময়! সূর্য্যাদি গ্রহগণের এই দর্শনোপযোগী গত্যাদি তোমার নিকট বর্ণন করিলাম। ৬৯।

তিথির অঙ্ক	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১	১১	১২	১৩	১৪	১৫
তিথির পূর্ব্বার্দ্ধে যে করণ	কিং	২	৪	৬	১	৩	৫	০	২	৪	৬	১	৩	৫	০
তিথির পরার্দ্ধে যে করণ	১	৩	৫	০	১	৪	৬	১	৩	৫	০	২	৪	৬	১
তিথির অঙ্ক	১৬	১৭	১৮	১৯	২০	২১	২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০
তিথির পূর্ব্বার্দ্ধে যে করণ	২	৪	৬	০	২	৫		১	৪	৬	১	৩	৫	০	চং
তিথির পরার্দ্ধে যে করণ	৩	৫	০	২	৭	৬	১	৩	৫	০	২	৪	৬	শ	না

গ্রহযুত্যধিকারঃ।

প্রোচ্যন্তে লিপ্তিকা ভানাং স্বভোগহথ দশাহতঃ।
ভবন্ত্যতীতধিষ্ণ্যানাং ভোগলিপ্তা যুতা ধ্রুবাঃ॥ ১॥
অষ্টার্ণবাঃ শূন্যকৃতাঃ পঞ্চষষ্টির্নগেষবঃ।
অষ্টার্থা অব্ধয়োহষ্টাগা অঙ্গাগা মনবস্তথা॥ ২॥

গ্রিমগ্রন্থাসঙ্গতিত্বনিরাসার্থমুক্তাধিকারমুপসংহরতি এবেতি। হে ময় সূর্য্যাদীনাং সপ্তগ্রহণামেষা দৃশ্যেত্যাদি কল্পয়েদিত্যন্তং যা বার্ত্তা সা স্ফুটগতিঃ স্পষ্টগতিঃ স্পষ্টক্রিয়াজ্ঞানসম্পাদিকা প্রোক্তা তুভ্যং ময়োক্তা। এতেন স্পষ্টাধিকারঃ পরিপূর্ত্তিমাপ্ত ইতি সূচিতম্॥ ৬৯॥ রঙ্গনাথেন রচিতে সূর্য্যসিদ্ধান্তটিপ্পণে। স্পষ্টাধিকারঃ পূর্ণোহয়ং তদগূঢ়ার্থপ্রকাশকে॥

ইতি শ্রীসকলগণকসার্ব্বভৌমবল্লালদৈবজ্ঞাত্মজরঙ্গনাথগণকবিরচিতে গূঢ়ার্থপ্রকাশকে স্পষ্টাধিকারঃ পূর্ণং।

অথ প্রসঙ্গাদাবব্ধো নক্ষত্রগ্রহযুত্যাধিকারো ব্যাখ্যায়তে। তং প্রথমং নক্ষত্রাণাং ধ্রুবকজ্ঞানমাহ। ভানামশ্বিন্যাদিনক্ষত্রাণামুত্তরাষাঢ়াভিজিচ্ছ্রবণধনিষ্ঠাবর্জ্জিতানাং লিপ্তিকা ভোগসংজ্ঞাঃ কলাঃ প্রোচ্যন্তে সমনন্তরমেব কথ্যন্তে। অথনান্তরং স্বভোগঃ স্বাভীষ্টনক্ষত্রভোগঃ কলাত্মকো বক্ষ্যমাণো দশভিগুণিতঃ কার্য্য তত্র স্বাভীষ্টনক্ষত্রগতনক্ষত্রাণামশ্বিন্যাদিনাং ভোগলিপ্তাঃ ভভোগোহষ্টশতী লিপ্তা ইত্যুক্তাষ্টশতকলাঃ প্রত্যেকং যুতাঃ অশ্বিন্যাদ্যতীতনক্ষত্রসংখ্যাগুণিতকলাষ্টশতং যুতমিত্যর্থঃ। এবা নক্ষত্রাণাং ভবন্তি॥ ১॥ অথ প্রতিজ্ঞাতা নক্ষত্রভোগলিপ্তা উত্তরাষাঢ়াভিজিচ্ছ্রবণধনিষ্ঠাব্যতিরিক্তানাং তেষাং ধ্রুবকান্নক্ষত্রশরাংশ্চাষ্টশ্লোকৈরাহ। অশ্বিন্যাদিনক্ষত্রাণাং ক্রমাদ্ভোগা এতে। তত্রাশ্বিন্যা অষ্টচত্বারিংশৎ কলাঃ। ভরণ্যাশ্চত্বারিংশৎ। কৃত্তিকায়াঃ কলাঃ পঞ্চষষ্টিঃ। রোহিণ্যাঃ সপ্তপঞ্চাশৎ কলাঃ। মৃগশিরসোহষ্টপঞ্চাশৎ। আর্দ্রায়াশ্চত্বরঃ অত্রাব্ধয় ইত্যত্র গোহব্ধয়ো গোগ্নয় ইতি বা পাঠস্ত্বযুক্তঃ।

উত্তরাষাঢ়া, অভিজিৎ, শ্রবণা ও ধনিষ্ঠা এই চারিটী ব্যতীত অন্যান্য নক্ষত্র সমূহের ভোগের কলার সংখ্যা কথিত হইতেছে। প্রত্যেক নক্ষত্রের বক্ষ্যমাণ ভোগাঙ্ককে ১০ দ্বারা গুণ করিয়া গুণফলের সহিত অশ্বিন্যাদি গত নক্ষত্রের ভোগকলার সমষ্টিসংখ্যা যোগ করিবে। অর্থাৎ প্রতি নক্ষত্রের ভোগ ৮০০ কলা অনুসারে অভীষ্ট নক্ষত্র পর্য্যন্ত যত নক্ষত্র হইবে, তাহার সমষ্টি যোগ করিবে। যোগ করিয়া যে সমষ্টি লব্ধ হইবে, তাহাই নক্ষত্রের ধ্রুব অর্থাৎ দ্রাঘিমা। (Longitude)। ১। অশ্বিনী নক্ষত্রের ভোগাঙ্ক ৪৮ কলা, ভরণীর

কৃতেষবো যুগরসাঃ শূন্যবাণা বিয়দ্রসাঃ।
খবেদাঃ সাগরনগা গজাগাঃ সাগরর্ত্তবঃ ॥ ৩ ॥
মনবোঽথ রসা বেদা বৈশ্বমাপ্যার্দ্ধভোগগম্।
আপ্যস্যৈবাভিজিৎপ্রান্তে বৈশ্বান্তে শ্রবণস্থিতিঃ ॥ ৪ ॥
ত্রিচতুঃপাদয়োঃ সন্ধৌ শ্রবিষ্ঠা শ্রবণস্য তু।
স্বভোগতো বিয়ন্নাগাঃ ষট্‌কৃতির্যমলাশ্বিনঃ ॥ ৫ ॥

শাকল্যসংহিতাবিরোধাৎ। এতেন। সৌবক্তরুদ্রভস্যাংশাস্ত্রাদ্রয়োঽগাব্ধয়ঃ কলাঃ। ইতি নাশ্বদোক্তং দশকলোনপঞ্চদশভাগা মিথুনে সর্ব্বজনাভিমতধ্রুবকো দশকলাযুত-ত্রয়োদশভাগাঃ পর্ব্বতাভিমতধ্রুবকশ্চ নিরস্তঃ। পুনর্ব্বসোরষ্টসপ্ততিঃ। পুষ্যস্য ষট্‌সপ্ততিঃ। অশ্লেষায়াশ্চতুর্দ্দশ। তথেতি ছন্দঃপূরণার্থম্। মঘায়াশ্চতুঃপঞ্চাশৎ। পূর্ব্বফাল্গুন্যাশ্চতুঃষষ্টিঃ। উত্তরফাল্গুন্যাঃ পঞ্চাশৎ। হস্তস্য ষষ্টিঃ। চিত্রায়াশ্চত্বারিংশৎ। স্বাত্যাশ্চতুঃসপ্ততিঃ। বিশাখায়া অষ্টসপ্ততিঃ। অনুরাধায়াশ্চতুঃষষ্টিঃ। জ্যেষ্ঠায়াশ্চতুর্দ্দশ। অনন্তরং মূলস্য ষট্। পূর্ব্বাষাঢ়ায়াশ্চত্বারঃ। উত্তরাষাঢ়ায়া ধ্রুবকমাহ বৈশ্বমিতি। উত্তরাষাঢ়াযোগতারানক্ষত্রম্ আপ্যার্দ্ধভোগগম্। আপ্যস্য পূর্ব্বাষাঢ়ানক্ষত্রস্যার্দ্ধভোগঃ ধনু-রাশের্বিংশতিভাগস্তত্র স্থিতং জ্ঞেয়ম্। অষ্টৌ রাশয়ো বিংশতিভাগা উত্তরাষাঢ়ায়া ধ্রুব ইত্যর্থঃ। এতেন পূর্ব্বাষাঢ়াযোগতারায়াঃ সকাশাদুত্তরাষাঢ়াযোগতারা বিংশতিকলোনসপ্তভাগান্তরিতা। তেন পূর্ব্বাষাঢ়াধ্রুবকোঽষ্টরাশয়শ্চতুর্দ্দশভাগা বিংশতিকলোনসপ্তভাগৈর্যুত উত্তরাষাঢ়ায়া ধ্রুবশ্চত্বারিংশৎকলাধিকোক্ত ধ্রুব ইতি পর্ব্বতোক্তমপাস্তম্। ব্রহ্মসিদ্ধান্তবিরোধাৎ। অভি-জিদ্‌ধ্রুবকমাহ আপ্যস্যেতি। পূর্ব্বাষাঢ়ায়া অবসানে ধনুরাশের্বিংশতিকলোনসপ্তবিংশতিভাগে-ঽভিজিদ্‌যোগতারা জ্ঞেয়া। চত্বারিংশৎকলাধিকষড়্‌বিংশতিভাগাধিকা অষ্টৌ রাশয়োঽভিজিতো ধ্রুব ইত্যর্থঃ। এবকারোঽন্যযোগব্যবচ্ছেদার্থঃ। তে সংহিতাসম্মতং শ্রবণপঞ্চদশাংশস্থানং বিংশতিবিকলাযুতত্রয়োদশকলাযুতচতুর্দ্দশভাগাদিকনবরাশয়ো নিরস্তম্। শ্রবণস্য ধ্রুবকমাহ বৈশ্বান্ত ইতি। উত্তরাষাঢ়ায়া অবসানে শ্রবণযোগতারায়াঃ স্থানং জ্ঞেয়ম্। নবরাশয়ো দশভাগাঃ শ্রবণধ্রুবক ইত্যর্থঃ। ধনিষ্ঠায়া ধ্রুবকমাহ ত্রিচতুঃপাদযোরিতি। শ্রবণস্য তৃতীয়-

---

৪০, কৃত্তিকার ৬৫, রোহিণীর ৫৭, মৃগশীরার ৫৮, আর্দ্রার ৪, পুনর্ব্বসুর ৭৮, পুষ্যার ৭৬, অশ্লেষার ১৪, মঘার ৫৪, পূর্ব্বফল্গুনীর ৬৪, উত্তরফল্গুনীর ৫০, হস্তার ৬০, চিত্রার ৪০, স্বাতীর ৭৪, বিশাখার ৭৮, অনুরাধার ৬৪, জ্যেষ্ঠার ১৪, মূলার ৬, পূর্ব্বাষাঢ়ার ৪, (উত্তরাষাঢ়া যাহা পূর্ব্বাষাঢ়ার অন্তর্গত ইহার ধ্রুব ৮ রাশি ২০ অংশ; অভিজিৎ যাহা পূর্ব্বাষাঢ়ার শেষভাগ, ইহার ধ্রুব ৮ রাশি, ২৬ অংশ, ৪০ কলা; শ্রবণা উত্তরাষাঢ়ার শেষভাগের অন্তর্গত, উহার ধ্রুব ৯ রাশি ১০ অংশ; ধনিষ্ঠা শ্রবণার তৃতীয় ও চতুর্থভাগের অন্তবর্ত্তী, উহার ধ্রুব ৯ রাশি

রন্ধ্রাদয়ঃ ক্রমাদেষাং বিক্ষেপাঃ স্বাদপক্রমাৎ।
দিঙ্মাসবিষয়াঃ সৌম্যে যাম্যে পঞ্চ দিশো নব ॥ ৬ ॥
সৌম্যে রসাঃ খং যাম্যে গাঃ সৌম্যে খার্কাস্ত্রয়োদশ।
দক্ষিণে রুদ্রযমলাঃ সপ্তত্রিংশদথোত্তরে ॥ ৭ ॥

চতুর্থচরণয়োঃ ক্রমেণাস্ত্যাদিসন্ধৌ মকররাশের্বিংশতিভাগে প্রবিষ্টা ধনিষ্ঠা জ্ঞেয়া। নববাশয়ো বিংশতিভাগা ধনিষ্ঠাধ্রুব ইত্যর্থঃ। তুকারাৎ ক্ষেত্রান্তর্গতধনিষ্ঠাস্থানং কুম্ভস্য বিংশতিকলোনসপ্তভাগা নিরস্তম্। শততারায়া ভোগমাহ স্বভোগত ইতি। ধনিষ্ঠাভোগাৎ কুম্ভস্য বিংশতিকলোনসপ্তভাগাবধেঁরিত্যর্থঃ। শততারায়া অশীতির্ভোগঃ। অতঃপ্রাগ্বদ্ধ্রুবা ইতি জ্ঞাপনার্থং স্বভোগত ইত্যুক্তম্। শততারায়াঃ স্থানং শততারকাধ্রুব ইতি পর্য্যবসন্নম্। অবশিষ্টনক্ষত্রাণাং ভোগানাহ ষট্কৃতিরিতি। পূর্ব্বাভাদ্রপদায়াঃ ষট্ত্রিংশৎ কলা ভোগঃ। উত্তরাভাদ্রপদায়াঃ দ্বাবিংশতিঃ। রেবত্যা একোনাশীতিঃ। অথ ধ্রুবকানয়নং যথা। অশ্বিন্যা ভোগঃ ৪৮ দশগুণিতঃ ৪৮০ অতীতনক্ষত্রাভাবাদ্ভোগযোজনাভাবঃ। অতোঽশ্বিন্যাঃ কলাত্মকো ধ্রুবঃ ৪৮০ রাশ্যাদ্যস্তু ৮। ভরণ্যা ভোগঃ ৪০ দশাহতঃ ৪০০ অতীতনক্ষত্রস্যৈকত্বাদষ্টশতযুতো ভরণ্যাঃ পরিভাষয়া রাশ্যাদ্যো ধ্রুবঃ ০।২০। এবমাদ্রাভোগঃ ৪ দশহতঃ ৪০ অতীতনক্ষত্রাণাং পঞ্চত্বাৎ পঞ্চগুণিতাষ্টশতেন ৪০০০ চতুঃসহস্রাত্মকেন যুতঃ কলাদ্যো ধ্রুবঃ ৪০৪০ রাশ্যাদ্যস্তু ২।৭।২০ এবং পূর্ব্বাষাঢ়ায়া দশগুণিতো ভোগঃ ৪০ একোনবিংশতিগুণিতাষ্টশতেন ১৫২০০ যুতঃ পরিভাষয়া রাশ্যাদ্যো ধ্রুবঃ ৮।১৪ শততারায়া দশগুণিতো ভোগঃ ৮০০ ত্রয়োবিংশতিগুণিতাষ্টশতেন ১৮৪০০ যুতশ্চতুর্বিংশতিগুণিতাষ্টশতরূপো ১৯২০০ জাতো ধ্রুবো রাশ্যাদ্যঃ ১০।২০ পূর্ব্বাভাদ্রপদায়া দশগুণিতো ভোগঃ ৩৬০ চতুর্বিংশতিগুণিতাষ্টশতেন ১৯২০০ যুতো ১৯৫৬০ জাতো ধ্রুবো রাশ্যাদ্যঃ ১০।২৬। উত্তরাষাঢ়াভিজিচ্ছ্রবণধনিষ্ঠানাং স্বভোগস্থানাৎ পশ্চাৎ স্থিতত্বেনোক্তরীত্যসম্ভবাত্তন্নবীত্যা ধ্রুবকা উক্তাঃ স্বাদস্থানাদ্যোগতারা যদন্তরবলাভিস্থিতাস্তা লাঘবাদ্দশাপবর্ত্তিতা ভোগসংজ্ঞা উক্তাঃ। তথাচ ব্রহ্মসিদ্ধান্তে—অষ্টৌ বিংশতিরর্দ্ধোনগজা পূর্ব্বার্দ্ধখেষবঃ। ত্রিতর্কাঃ সত্রিভাগাস্ত্রিরসাস্ত্রাঙ্কাশ্চ ষটশতম্। নবাশা নবসূর্য্যাশ্চ বেদেন্দ্রাঃ শরবাণভূঃ। খাত্যষ্টিঃ খধৃতির্গোঽতিধৃতির্বিশ্বাশ্বিনস্তথা। বেদাকৃতির্গোদৃগ্ঘস্তাঃ কর্দ্ধহস্তা যুগার্ণদৃক্। খোৎকৃতিস্ত্র্যংশহীনাশ্বসহস্তাঃ খহস্তিদৃক্। খগোঽশ্বিনঃ খদন্তাঃ ষড়্দন্তাঃ শৈলগুণাশ্বয়ং। মেষাদ্যশ্বাদিমধ্যাংশাঃ ষড়ংশোনাঃ খষড়্গুণাঃ। ইতি। অথ নক্ষত্রাণাং বিক্ষেপভাগানাহ

---

২০ অংশ) শতভিষার ৮০, পূর্ব্বভাদ্রপদের ৩৬, উত্তরভাদ্রপদের ২২ এবং রেবতীর ভোগাঙ্ক ৭৯ কলা। অশ্বিনীর উত্তর বিক্ষেপ বা অক্ষ ২০ অংশ, ভরণীর ১২, কৃত্তিকার ৫, রোহিণীর দক্ষিণ বিক্ষেপ বা অক্ষ ৫, মৃগশিরার ১০ ও আর্দ্রার দক্ষিণ বিক্ষেপ, ৯, পুনর্ব্বসুর উত্তর বিক্ষেপ ৬, পুষ্যার উত্তর বিক্ষেপ শূন্য ০, অশ্লেষার দক্ষিণ বিক্ষেপ ৭, মঘার উত্তর বিক্ষেপ ০, পূর্ব্বফল্গুনীর ১২ ও উত্তরফল্গুনীর উত্তর বিক্ষেপ ১৩ অংশ; হস্তার দক্ষিণ বিক্ষেপ ১১, চিত্রার

যাম্যেহধ্যর্দ্ধাত্রিককৃতা নবসার্দ্ধশরেষবঃ।
উত্তরস্যাং তথা ষষ্টিস্ত্রিংশৎ ষট্ত্রিংশদেব চ ॥ ৮ ॥
দক্ষিণে ত্বর্দ্ধভাগস্তু চতুর্বিংশতিরুত্তরে।
ভাগাঃ ষড়্বিংশতিঃ খং চ দস্রাদীনাং যথাক্রমম্ ॥ ৯ ॥
অশীতিভাগৈর্যাম্যায়ামগস্ত্যো মিথুনান্তগঃ।
বিংশে চ মিথুনস্যাংশে মৃগব্যাধো ব্যবস্থিতঃ ॥ ১০ ॥

এষামিতি। উক্তধ্রুবকসম্বন্ধিনাম শ্বিন্যাদিনক্ষত্রাণাং যথাক্রমং ক্রমাদিত্যর্থঃ। স্বাৎ স্বকীয়াপক্রমাৎ ক্রান্তগ্রহৎক্রান্তিবৃত্তস্থধ্রুবকস্থানাদিত্যর্থঃ। বিক্ষেপা বিক্ষেপভাগা দক্ষিণা উত্তরা বা ভবন্তি। তত্রোত্তরদিশ্যশ্বিন্যাদিত্রয়াণাং দিঘ্মাসবিষয়াঃ ক্রমেণ দশ দ্বাদশ পঞ্চেত্যর্থ। দক্ষিণদিশি রোহিণ্যাদিত্রয়াণাং পঞ্চদশ নব। উত্তরস্যাং পুনর্ব্বসোঃ ষড়্ভাগাঃ। পুষ্যস্য খং বিক্ষেপাভাবঃ। অত্র পঞ্চমাক্ষরস্য গুরুত্বেন ছন্দোভঙ্গ আর্ষত্বান্ন দোষঃ। দক্ষিণস্যামশ্লেষায়াঃ সপ্ত। উত্তরস্যাং মঘাদিত্রয়াণাং শূন্যং দ্বাদশ ত্রয়োদশ। দক্ষিণস্যাং হস্তচিত্রয়োরেকাদশ দ্বৌ। অনন্তরং স্বাত্যা উত্তরদিশি সপ্তত্রিংশৎ। দক্ষিণস্যাং বিশাখাদীনাং ষণ্ণাং সার্দ্ধৈকঃ ত্রয়ং চত্বারঃ নব সার্দ্ধপঞ্চ পঞ্চ ক্রমেণ উত্তরদিশি তথা বিক্ষেপভাগা অভিজিতঃ ষষ্টিঃ। শ্রবণস্য ত্রিংশৎ। ধনিষ্ঠায়াঃ ষট্ত্রিংশৎ। এবকারো ন্যূনাধিকব্যবচ্ছেদার্থঃ। চকারঃ পূরণার্থঃ। দক্ষিণস্যাং তুকারস্তথা। অর্দ্ধভাগঃ শততারায়াং তুকারস্তথা। উত্তরস্যাং পূর্ব্বাভাদ্রপদায়াশ্চতুর্ব্বিংশতিঃ। তস্যামেব দিশি ভাগা বিক্ষেপভাগা উত্তরাভাদ্রপদায়াঃ ষড়্বিংশতিঃ। রেবত্যা বিক্ষেপাভাবঃ। চকারঃ পূরণার্থম্ ॥ ২—৯ ॥ অথাগস্ত্যলুব্ধকবহ্নিব্রহ্মহৃদয়তারাণাং ধ্রুবকবিক্ষেপাংস্তদুপপত্তিং শ্লোকত্রয়েণাহ। স্বকীয়াৎ ক্রান্তিবিভাগস্থানাদ্দক্ষিণস্যামশীত্যংশৈস্তারাত্মকোহগস্ত্যো মিথুনান্তগঃ কর্কাদিভাগে স্থিতঃ। অগস্ত্যনক্ষত্রস্য রাশিত্রয়ং ধ্রুবকঃ। দক্ষিণবিক্ষেপোহশীতিরিত্যর্থঃ। মৃগব্যাধো লুব্ধকো মিথুনরাশের্ব্বিংশতিভাগে স্থিতঃ। চকারঃ সমুচ্চয়ে। লুব্ধকনক্ষত্রস্য রাশিদ্বয়ং বিংশতিভাগা ধ্রুবক ইত্যর্থঃ। দক্ষিণস্যাং চত্বারিংশতা ভাগৈঃ পরিমিতস্তস্য চ ক্রান্তিবৃত্তস্থানাদ্বিক্ষেপঃ। বৃষরাশৌ বহ্নিব্রহ্মহৃদয়ৌ দ্বাবিংশভাগাস্থিতৌ বহ্নিব্রহ্মহৃদয়নক্ষত্রয়োর্দ্বাবিংশতিভাগাধিকৈকরাশির্ধ্রুবকঃ। তৌ বহ্নিব্রহ্মহৃদয়ৌ। অষ্টাভিস্ত্রিংশতা। চকারঃ ক্রমার্থে। এবকারো ন্যূনাধিকব্যবচ্ছেদার্থঃ উত্তরেণোত্তরস্যামিত্যর্থঃ। বিক্ষিপ্তৌ বিক্ষেপবন্তৌ। বহ্নের্ব্বিক্ষেপোহষ্টভাগ উত্তরঃ। ব্রহ্মহৃদয়স্যোত্তরো বিক্ষেপস্ত্রিংশদিত্যর্থঃ।

দক্ষিণ বিক্ষেপ ২, স্বাতীর উত্তর বিক্ষেপ ৩৭, বিশাখার দক্ষিণ বিক্ষেপ ১ অংশ, ৩০ কলা; অনুরাধার ৩ অংশ, জ্যেষ্ঠার ৪ অংশ, মূলার ৯, পূর্ব্বাষাঢ়ার ৫ অংশ ৩০ কলা ও উত্তরাষাঢ়ার দক্ষিণবিক্ষেপ ৫ অংশ; অভিজিতের উত্তর বিক্ষেপ ৬০ অংশ, শ্রবণার ৩০ ও ধনিষ্ঠার ৩৬, শতভিষার দক্ষিণ বিক্ষেপ ০ শূন্য অংশ ৩০ কলা, পূর্ব্বভাদ্রপদের উত্তর বিক্ষেপ ২৪ ও উত্তর ভাদ্রপদের উত্তর বিক্ষেপ ২৬ অংশ এবং রেবতীর বিক্ষেপ ০ শূন্য। ২৯। অগস্ত্য নক্ষত্র

বিক্ষেপো দক্ষিণে ভাগৈঃ খার্ণবৈঃ স্বাদপক্রমাৎ।
হুতভুগ্ ব্রহ্মহৃদয়ৌ বৃষে দ্বাবিংশভাগগৌ ॥ ১১ ॥
অষ্টাভিস্ত্রিংশতা চৈব বিক্ষিপ্তাবুত্তরেণ তৌ।
গোলং বদ্ধা পরীক্ষেত বিক্ষেপং ধ্রুবকং স্ফুটম্ ॥ ১২ ॥
বৃষে সপ্তদশে ভাগে যস্য যাম্যোঽংশকদ্বয়াৎ।
বিক্ষেপোঽভ্যধিকো ভিন্দ্যাদ্রোহিণ্যাঃ শকটং তু সঃ ॥ ১৩ ॥

নন্বেতে ধ্রুবা বিক্ষেপাশ্চ কালক্রমেণ নিয়তা অনিয়তা বেত্যত আহ গোলমিতি। গোলং বক্ষ্যমাণং বধ্বা বংশশলাকাদিভির্নির্ব্বধ্য স্ফুটং বিক্ষেপং ক্রান্তিসংস্কারযোগ্যং ধ্রুবাভিমুখং ধ্রুবকং স্ফুটমায়নদৃক্কর্ম্মসংস্কৃতং পরীক্ষেত। স্বস্বকালে দৃগ্গোচরসিদ্ধমঙ্গীকুরুত। তথা চ ক্রান্তিসংস্কারযোগ্যবিক্ষেপায়নসংস্কৃতধ্রুবকয়োরয়নাংশবশাদস্থিরত্বাদপি ময়েদানীন্তনসময়ানুরোধেন লাঘবার্থমায়নদৃক্কর্ম্মসংস্কৃতা ধ্রুবাঃ ক্রান্তিসংস্কারযোগবিক্ষেপাশ্চ নিয়তা উক্তাঃ। কালান্তরে গোলযন্ত্রেণ বেধসিদ্ধা জ্ঞেয়াঃ। নৈত ইতি ভাবঃ। গোলযন্ত্রেণ বেধস্তু গোলবন্ধোক্তবিধানা গোলযন্ত্রং কার্য্যম্। তত্র খগোলস্যোপরি ভগোলমাধারবৃত্তস্যোপরি বিষুবদ্বৃত্তম্। তত্র যথোক্তং ক্রান্তিবৃত্তং ভগণাংশাঙ্কিতং চ বধ্বা ধ্রুবযষ্টিকীলয়োঃ প্রোতমন্যচ্চলং ভবেধবলয়ম্। তচ্চ ভগণাংশাঙ্কিতং কার্য্যম্। ততস্তদ্গোলযন্ত্রং সম্যগ্ ধ্রুবাভিমুখযষ্টিকং জলসমক্ষিতিজবলয়ং চ যথা ভবতি তথা স্থিরং কৃত্বা রাত্রৌ গোলমধ্যচ্ছিদ্রগতয়া দৃষ্ট্যা রেবতীতারাং বিলোক্য ক্রান্তিবৃত্তে মীনান্তাদ্দশকলান্তরিতপশ্চাদ্ভাগং রেবতীতারায়াং নিবেশ্য মধ্যগতৈয়ব দৃষ্ট্যাশ্বিন্যাদের্নক্ষত্রস্য যোগতারাং বিলোক্য তস্যা উপরি তদ্বেধবলয়ং নিবেশ্যম্। এবং কৃতে সতি বেধবলয়স্য ক্রান্তিবৃত্তস্য চ যঃ সম্পাতঃ স মীনান্তাদগ্রতো যাবদ্ভিরংশৈস্তাবন্তস্তস্য নক্ষত্রস্য ধ্রুবাংশা জ্ঞেয়াঃ বেধবলয়ে তস্যৈব সম্পাতস্য যোগতারাশ্চ যাবন্তোঽন্তরেঽংশাস্তাবন্তস্তস্য বিক্ষেপাংশা দক্ষিণা উত্তরা বা বেদ্যাঃ। অথ কদম্বপ্রোতবেধবলয়েন বেধে তু সদা স্থিরা ধ্রুবকা আয়নদৃক্কর্ম্মসংস্কৃতাঃ পরন্তু কদম্বতারয়োরভাবাদশক্যমিতি যথোক্তবেধেনৈবায়নদৃক্কর্ম্মসংস্কৃতা ধ্রুবাঃ শরাশ্চ ধ্রুবাভিমুখাঃ স্ফুটাঃ সিদ্ধা ভবন্তীতি দিক্ ॥ ১০-১২ ॥ অথ রোহিনীশকটভেদমাহ। বৃষরাশৌ

